(d) দেখাও যে, $\int_0^{\pi} \log|\tan\theta| d\theta = 0$ 2×1=2

অথবা, প্রমাণ করো যে, $\int_0^b f(a+b-x)dx = \int_a^b f(x)dx$

Show that $\int_0^{\pi} \log|\tan\theta| d\theta = 0$

Or, Prove that $\int_0^b f(a+b-x)dx = \int_a^b f(x)dx$.

(e) $ax + by + c = 0$ এর অবকল সমীকরণ নির্ণয় করো। 2×1=2

অথবা

$dx - dy + ydx + xdy = 0$ এর সমাধান করো।

Obtain the differential equation for $ax + by + c = 0$.

Or, Solve $dx - dy + ydx + xdy = 0$.

(f) যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ 2×3=6

Answer any three questions :

(i) একটি চলমান কণা t সময়ে একটি সরলরেখা বরাবর x দূরত্ব অতিক্রম করে যেখানে $x = 4t^3 - 15t^2 + 12t$ । যাত্রা করার 3 একক সময় পরে বেগ ও ত্বরণ কত হবে নির্ণয় করো।

A particle moves along a straight line of measure x in time t, where $x = 4t^3 - 15t^2 + 12t$. Find its velocity and acceleration after 3 units of time.

(ii) একটি বৃত্তের ব্যাসের পরিবর্তনের হার $\frac{2}{\pi}$ হলে পরিধির পরিবর্তনের হার নির্ণয় করো।

If the rate of change of diameter of a circle is $\frac{2}{\pi}$, find the rate of change of its circumference.

(iii) $x^2 = 4y$ অধিবৃত্তের $(-2, 1)$ বিন্দুতে অভিলম্বের সমীকরণ নির্ণয় করো।

Find the equation of the normal of the parabola $x^2 = 4y$ at $(-2, 1)$.

(iv) x-এর যে মানের জন্য $x(12 - 2x^2)$ এর মান অবম হবে তা নির্ণয় করো।

Find the value of x for which $x(12 - 2x^2)$ is minimum.

(v) $y = x$, x অক্ষ এবং $x = 6$ দ্বারা সীমাবদ্ধ অংশের ক্ষেত্রফল নির্ণয় করো (কলনবিদ্যার সাহায্যে)।

Find the area formed by $y = x$, x-axis, and $x = 6$ using calculus.

বিভাগ—গ
Group—C

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়। 4×12=48

Answer the following questions. Alternatives are to be noted.

(a) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : 4×2=8

Answer any two questions :

(i) যদি $A = \begin{bmatrix} 2 & 3 \\ 0 & -2 \end{bmatrix}$ এবং $B = \begin{bmatrix} -8 \\ 8 \end{bmatrix}$ হয়, তবে এমন একটি ম্যাট্রিক্স 'C' নির্ণয় করো যেখানে $2AC = B$ হয়।

If $A = \begin{bmatrix} 2 & 3 \\ 0 & -2 \end{bmatrix}$, and $B = \begin{bmatrix} -8 \\ 8 \end{bmatrix}$, find a matrix 'C' such that $2AC = B$.

(ii) ক্র্যামারের পদ্ধতিতে সমাধান করো ঃ

$2x-z=1,\ 2x+4y-z=1,\ x-8y-3z=-2$

Solve by Cramer's rule :

$2x-z=1,\ 2x+4y-z=1,\ x-8y-3z=-2$

(iii) একটি থলিতে 5টি লাল, 8টি সাদা ও 7টি কালো বল আছে। ওই থলি থেকে একযোগে তিনটি বল নেওয়া হল, এদের মধ্যে অন্তত একটি বল লাল হবার সম্ভাবনা কত?

A bag contains 5 red, 8 white and 7 black balls. Three balls are drawn at random. Find the probability that at least one ball would be red.

(b) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ $4\times2=8$

Answer any two questions :

(i) একটি উপবৃত্তের নাভির স্থানাঙ্ক (2, 0), নিয়ামকের সমীকরণ $x-8=0$, উৎকেন্দ্রতা $\frac{1}{2}$, উপবৃত্তের সমীকরণ নির্ণয় করো।

The co-ordinates of a focus of an ellipse is (2, 0), equation of its directrix is $x-8=0$, eccentricity is $\frac{1}{2}$, find its equation.

(ii) $y^2=4ax$ এই অধিবৃত্তের উপর অবস্থিত দুটি বিন্দুর A ও B-এর স্থানাঙ্ক যথাক্রমে (x_1, y_1) এবং (x_2, y_2).

প্রমাণ করো যে, AB জ্যার সমীকরণ $(y-y_1)(y-y_2)=y^2-4ax$ এই আকারে লেখা যায়।

The co-ordinates of two points A and B on a parabola $y^2=4ax$ is (x_1, y_1) and (x_2, y_2) respectively.

Prove that the equation of AB chord is $(y-y_1)(y-y_2)=y^2-4ax$

(iii) $2x^2-3y^2=6$ এর যে জ্যা $(2,1)$ বিন্দুতে সমদ্বিখণ্ডিত হয়, তার সমীকরণ নির্ণয় করো।

Find the equation of the chord of the conic $2x^2 - 3y^2 = 6$ bisected at the point $(2, 1)$.

(c) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ 4×2=8

Answer any two questions :

(i) সংজ্ঞা থেকে $\int_0^2 e^{2x}dx$ এর মান নির্ণয় করো।

Find $\int_0^2 e^{2x}dx$ from definition.

(ii) দেখাও যে $\int_0^1 \frac{x\sin^{-1}x}{\sqrt{1-x^2}}dx = \frac{1}{2}\left(1-\frac{\pi}{2\sqrt{3}}\right)$

Show that $\int_0^1 \frac{x\sin^{-1}x}{\sqrt{1-x^2}}dx = \frac{1}{2}\left(1-\frac{\pi}{2\sqrt{3}}\right)$.

(iii) মান নির্ণয় করো ঃ $\lim_{n\to\infty}\left[\frac{n}{1^2+n^2}+\frac{n}{2^2+n^2}+\ldots\ldots+\frac{n}{n^2+n^2}\right]$

Evaluate : $\lim_{n\to\infty}\left[\frac{n}{1^2+n^2}+\frac{n}{2^2+n^2}+\ldots\ldots+\frac{n}{n^2+n^2}\right]$

(d) যে-কোনো দুটি অবকল সমীকরণ সমাধান করো ঃ 4×2=8

Solve any two differential equation :

(i) $x(1+y^2)dx + y(1+x^2)dy = 0$

$x(1+y^2)dx + y(1+x^2)dy = 0$

(ii) $\frac{dy}{dx} = \frac{x+y+1}{x+y-1}$, দেওয়া আছে $x = 1$ হলে $y = 1$

$\frac{dy}{dx} = \frac{x+y+1}{x+y-1}$ given $x = 1$ when $y = 1$.

(iii) $\frac{d^2y}{dx^2} = xe^x$ দেওয়া আছে,

$x = 0$ হলে $y = 2$ এবং $x = 2$ হলে $y = 0$

$\frac{d^2y}{dx^2} = xe^x$

given $x = 0$ when $y = 2$ and $x = 2$ when $y = 0$

(e) যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ $4 \times 4 = 16$

যথাযথ ক্ষেত্রে কলনবিদ্যার প্রয়োগ করবে।

Answer any four questions :

(Use calculus in proper places)

(i) $lx + my + n = 0$ সরলরেখা $y^2 = 4ax$ সরলরেখাকে স্পর্শ করলে দেখাও যে, $am^2 = nl$ হবে।

If $lx + my + n = 0$ touches $y^2 = 4ax$, show that $am^2 = nl$.

(ii) দেখাও যে $4x + \frac{1}{4x}$ অপেক্ষকের চরম মান অবম মান অপেক্ষা ক্ষুদ্রতর।

Show that the maximum value of $4x + \frac{1}{4x}$ is less than its minimum value.

(iii) সমত্বরণে সরলরেখার গতিশীল একটি কণার গতির সমীকরণ $v^2 = u^2 + 2fs$ আকারে নির্ণয় করো প্রতীকগুলি প্রচলিত।

Establish $v^2 = u^2 + 2fs$ for motion of a particle with uniform acceleration. (Symbols used have their usual meanings)

(iv) $y^2 = 4x$ এর উপর সেই বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় করো যেখানে ভুজের পরিবর্তনের হার কোটির পরিবর্তনের হারের দ্বিগুণ।

Find the co-ordinates on $y^2 = 4x$ at which rate of change of abscissa is double the rate of change of ordinate.

(v) কলনবিদ্যার প্রয়োগে $4x^2 + 9y^2 = 36$ এই উপবৃত্তের অন্তর্গত ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় করো।

Find by use of calculus, the area enclosed by the ellipse $4x^2 + 9y^2 = 36$.

(vi) একটি পাথর খণ্ডকে একটি কুয়োর মধ্যে ছেড়ে দেওয়ার $2\frac{33}{56}$ সেকেন্ড পর শব্দ শোনা যায়। শব্দের বেগ 1120 ফুট/সেকেন্ড হলে কুয়োর গভীরতা নির্ণয় করো। (যেখানে $g = 32$ ft/s²)।

A stone is dropped into a well and the sound of striking the water is heard after $2\frac{33}{56}$ sec. If velocity of sound be 1120 ft/s, find the depth of the well. [where $g = 32$ ft/s²].

(vii) $x > 0$ হলে দেখাও যে, $x > \log(1+x) > x - \frac{x^2}{2}$।

If $x > 0$ then show that $x > \log(1+x) > x - \frac{x^2}{2}$.

বিভাগ—ঘ
Group—D

6×4=24

4. নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :
Answer the following questions as per instruction.
(a) অথবা (b) এর উত্তর করো।
Answer either (a) or (b).
(c) অথবা (d) এর উত্তর দাও :
Answer either (c) or (d) :
(e), (f), (g), (h) -এর মধ্যে দুটি প্রশ্নের উত্তর দাও :
Answer any two of (e), (f), (g), (h) :

(a) (i) প্রমাণ করো যে, $\left(x + \frac{1}{x}\right)^{2n}$ এর বিস্তৃতির মধ্যপদটি হবে $\frac{1.3.5.\dots.(2n-1)}{n!}2^n$ 3

Prove that the middle term of the expansion of $\left(x + \frac{1}{x}\right)^{2n}$ is $\frac{1.3.5.\dots.(2n-1)}{n!}2^n$ 3

(ii) দেখাও যে, আরোহী পদ্ধতিতে

$$1^3+3^3+5^3+\ldots\ldots+(2n-1)^3=n^2(2n^2-1)^3 \qquad 3$$

(যেখানে n একটি ধনাত্মক পূর্ণ সংখ্যা)

Show that by induction 3

$1^3+3^3+5^3+\ldots\ldots+(2n-1)^3=n^2(2n^2-1)^3$ (where n is a positive integer)

(b) (i) একটি সমস্যার A-এর সমাধান করার সম্ভাবনা $\frac{1}{2}$ এবং B-এর সমাধান করার সম্ভাবনা $\frac{1}{3}$ । সমস্যাটির সমাধানের সম্ভাবনা নির্ণয় করো। 3

If probability of solving a problem by A be $\frac{1}{2}$ and by B be $\frac{1}{3}$ find the probability that the problem can be solved. 3

(ii) যদি $y=x-\frac{x^2}{2}+\frac{x^3}{3}-\frac{x^4}{4}+\ldots\ldots$ অসীম পদ

হয় তবে দেখাও যে, $x=y+\frac{y^2}{2!}+\frac{y^3}{3!}+\ldots\ldots$ অসীম পদ 3

If $y=x-\frac{x^2}{2}+\frac{x^3}{3}-\frac{x^4}{4}+\ldots\ldots$ infinite term,

show that $x=y+\frac{y^2}{2!}+\frac{y^3}{3!}+\ldots\ldots$ infinite term. 3

(c) অথবা (d) এর উত্তর দাও ঃ

Answer either (c) or (d) :

(c) $\frac{dy}{dx}$ নির্ণয় করো ঃ (i) $e^{xy}-4xy=16$, (ii) $y=(\sin x)^{\log_e x}$ 3+3

Find $\frac{dy}{dx}$, (i) $e^{xy}-4xy=16$, (ii) $y=(\sin x)^{\log_e x}$ 3+3

(d) (i) যদি $f(x)=\left(\frac{a+x}{1+x}\right)^{a+1+2x}$ হয় তবে দেখাও যে, 3

$$\frac{f'(0)}{f(0)}=\left(2\log a+\frac{1-a^2}{a}\right)$$

If $f(x)=\left(\frac{a+x}{1+x}\right)^{a+1+2x}$, 3

then show that $\frac{f'(0)}{f(0)}=\left(2\log a+\frac{1-a^2}{a}\right)$

(ii) $y=x\sin x$ হলে, 3

প্রমাণ করো যে, $x^2\frac{d^2y}{dx^2}-2x\frac{dy}{dx}+\left(2+x^2\right)y=0$

If $y=x\sin x$ then show that, 3

$$x^2\frac{d^2y}{dx^2}-2x\frac{dy}{dx}+\left(2+x^2\right)y=0$$

(e), (f), (g), (h) -এর মধ্যে দুটি প্রশ্নের উত্তর দাও ঃ
Answer any two of (e), (f), (g), (h) :

(e) মান নির্ণয় করো ঃ (i) $\int\frac{x^2+1}{x^4+x^2+1}dx$ 3

Evaluate : $\int\frac{x^2+1}{x^4+x^2+1}dx$

(ii) $\int_0^{\frac{\pi}{2}}\sin^3 x\cos^3 x\,dx$

Evaluate : $\int_0^{\frac{\pi}{2}}\sin^3 x\cos^3 x\,dx$ 3

(f) মান নির্ণয় করো ঃ (i) $\int\frac{dx}{3+4\cos x}$ 3

Evaluate : $\int\frac{dx}{3+4\cos x}$ 3

(ii) মান নির্ণয় করো : $\int_0^{\frac{\pi}{2}} \log \sin x dx$ 3

Evaluate : $\int_0^{\frac{\pi}{2}} \log \sin x dx$ 3

(g) (i) মান নির্ণয় করো : $\int_0^{\frac{\pi}{2}} \frac{x\,dx}{1+\cos^2 x}$ 3

Evaluate : $\int_0^{\frac{\pi}{2}} \frac{x\,dx}{1+\cos^2 x}$ 3

(ii) মান নির্ণয় করো : $\int \frac{dx}{x^4+1}$. 3

Evaluate : $\int \frac{dx}{x^4+1}$ 3

(h) (i) মান নির্ণয় করো : $\int_a^{2a} \sqrt{2ax-x^2}\, dx$. 3

Evaluate : $\int_a^{2a} \sqrt{2ax-x^2}\, dx$. 3

(ii) মান নির্ণয় করো : $\int \tan^{-1}\left(\frac{1+\cos x}{\sin x}\right) dx$. 3

Evaluate : $\int \tan^{-1}\left(\frac{1+\cos x}{\sin x}\right) dx$. 3

MODERN COMPUTER APPLICATION

Class-XI

Time : 3 Hours | Full Marks : 70

বিভাগ—ক
Group—A

1×6=6

1. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।
Answer the following questions. Alternatives are to be noted.

(a) $[\overline{AB}.A].[\overline{AB}.B]=1$ True বা False.

$[\overline{AB}.A].[\overline{AB}.B]=1$ True or False.

(b) একটি Interpreter, source program থেকে object program বানায়। True বা False.
An Interpreter creates an object program from a source program. True or False.

সবচেয়ে উপযুক্ত optionটি খুঁজে বের করো।

(c) OCR বলতে বোঝায় —
(১) Original Character Reader.
(২) Optical Character Reader.
(৩) Optical Code Recognition.
(৪) উপরোক্ত কোনোটি নয়।

অথবা, MICR বলতে বোঝায় —
(১) Manual Ink Character Reader.
(২) Magnetic Ink Character Reader.
(৩) Magnetic Ink Code Recognition.
(৪) উপরোক্ত কোনোটি নয়।

Choose the most appropriate option :
OCR stands for

(i) Original Character Reader.
(ii) Optical character Reader.
(iii) Optical Code Recognition.
(iv) None of these

Or, MICR stands for
(i) Manual Ink Character Reader.
(ii) Magnetic Ink Character Reader.
(iii) Magnetic Ink Code Recognition.
(iv) Non of these

(d) $(10)_2 + (10)_8 + (10)_{10}$-এর মান —
(১) $(10100)_2$
(২) $(24)_8$
(৩) $(14)_{16}$
(৪) উপরোক্ত সবগুলি।

অথবা, একটি Binary odd number এর —
(১) MSB সবসময় 0
(২) LSB সবসময় 0
(৩) LSB সবসময় 1
(৪) MSB সবসময় 1

সবচেয়ে উপযুক্ত optionটি খুঁজে বাহির কর।
Choose the most appropriate option
$(10)_2 + (10)_8 + (10)_{10}$ gives.
(i) $(10100)_2$
(ii) $(24)_8$
(iii) $(14)_{16}$
(iv) All of these

Or, For a binary odd number.
(i) The MSB is always 0.
(ii) The LSB is always 0.
(iii) The LSB is always 1.
(iv) The MSB is always 1.

শূন্যস্থান পূরণ কর ঃ
Fill in the blanks :

(e) একটি Power Point file এর default extension হচ্ছে ———— ।
The default extension of a Power Point file is ————.

(f) একটি Floppy-এর plastic disk-এর উপর ———— পদার্থের আবরণ থাকে।

অথবা, Hard disk একটি ———— Storage device.
Floppies are plastic disks coated with ———— material.

Or, Hard disk is a ———— storage device.

বিভাগ—খ
Group—B

$2 \times 6 = 12$

2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।
Answer the following questions. Alternatives are to be noted.

(a) Data processing বলতে কী বোঝায়?
What do you mean by Data processing?

(b) নিম্নলিখিত সংখ্যাটি Decimal সংখ্যায় পরিবর্তন করো —
$(8D.A5)_{16}$.
Convert the following number to decimal.
$(8D.A5)_{16}$.

(c) Universal Gate বলতে কী বোঝো। উদাহরণ দাও।

অথবা, AND, OR, NOT Gate ব্যবহার করে নিম্নলিখিত Boolean expression টির লজিক চিত্র আঁকো $(A+\overline{B}).(B+\overline{A})$ ।

What are Universal gates? Give examples.

Or, Draw the logic diagram using AND, OR, NOT gates to realise the following boolean expression – $(A+\overline{B}).(B+\overline{A})$

(d) উদাহরণসহ System software-এর সম্বন্ধে লেখো।।

অথবা, উদাহরণসহ Application Software-এর সম্বন্ধে লেখো।
Write about system software with example.

Or,
Write about application software with example.

(e) Editor এর কাজ কী?
What is the basic function of an Editor?

(f) Powerpoint-এর Slide গুলি একটির পর একটি দেখাবার পর্যায়গুলি লেখো।

অথবা, একটি Word Document-এ Table তৈরি করার পর্যায়গুলি লেখো।

Write down the steps for displaying Power Point slides one after another.

Or, Write down the steps for creating a table in a Word Document.

বিভাগ—গ

Group—C

$4\times10=40$

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) Impact আর Non-Impact Printer-এর পার্থক্যগুলি লেখো।

অথবা, Computer Booting বলতে কী বোঝ? Hot Booting ও Cold Booting-এর ধাপগুলি লেখো।

What are the differences between impact and non-impact printer?

Or, What do you mean by Computer Booting? Write the steps of Hot Booting and Cold Booting?

(b) Binary Number system-এ নিম্নলিখিত বিয়োগগুলি করো —

(ক) $(915)_{10}-(305)_{10}$.

(খ) $(43.25)_{10}-(33.75)_{10}$.

অথবা, Binary Coded Decimal (BCD) বলতে কী বোঝ? $(385)_{10}$-এর BCD মান কত? Excess 3 code কী? এটি কি একটি weighted code?

Perform the following subtractions in Binary number system :

(i) $(915)_{10}-(305)_{10}$.

(ii) $(43.25)_{10}-(33.75)_{10}$.

Or, What is Binary Coded Decimal (BCD) Code? Encode decimal $(385)_{10}$ in BCD. What is excess-excess 3 code? Is it a weighted code?

(c) CPU-তে ALU আর CU-এর কাজ কী?

অথবা, INPUT এবং OUTPUT Device বলতে কী বোঝ? পাঁচটি করে INPUT এবং OUTPUT Device-এর নাম লেখো।

What is the role of ALU and CU in a CPU? 2+2

Or, What do you mean by INPUT Device and OUTPUT Device? Give Five examplea of each.

(d) দুটি input NAND gate দিয়ে কীভাবে একটি OR gate বানাবে?

অথবা, সরল করো — $\overline{X}.(X+Y).(X+\overline{Y})$ । $(X+Y)(X+Z)$ -বুলিয়ান আপেক্ষকের Complement টি বার করো। যেখানে, X, Y , Z হল Boolean Variables।

Using two input NAND gate, design an OR gate.

Or, Simplify the expression $\overline{X}.(X+Y).(X+\overline{Y})$. Find the complement of Boolean function $(X+Y)(X+Z)$ Where X, Y, Z are Boolean Variables.

(e) Translator কী? Compiler ও Interpreter-এর পার্থক্য লেখো।

অথবা, Loader এবং Linker-এর কাজ কী?

What are Translators? Differentiate between Compilers and Interpreters. 2+2

Or, What are the functions of Loader and Linker?

(f) Data processing-এর সহিত সংশ্লিষ্ট ধাপগুলি বিশ্লেষণ করো।

অথবা, Data Type বলতে কী বোঝ? উদাহরণ সহযোগে বোঝাও।

Explain the steps involved in Data processing.

Or, What do you mean by Data Type? Explain with examples.

(g) Data আর Information-এর পার্থক্যগুলি কী?

State the differences between Data and Information.

(h) একটি Word document-এর মধ্যে থেকে একটি word কীভাবে খুঁজবে? Save আর Save As-তুলনা করো।

অথবা, একটি Word document-এর মধ্যে কীভাবে header ও footer insert করবে? Delete এবং Backspace-এর মধ্যে পার্থক্য লেখো।

How can you find a particular word within a Word document? Compare the Save and Save As options. 2+2

Or, How can you insert header and footer in a word document? Differentiate between Delete and Backspace.

(i) MS-Word-এ Mail-Merging এর Step গুলি লেখো।

Write down the steps for Mail-merging in Word.

(j) Power point-এ hidden slide কী? কী করে একটি বিশেষ slide-কে hidden করবে?

অথবা, একটি Power point Presentation তৈরির পর কীভাবে presentation টির মাঝখানে নতুন কিছু slide ঢোকাতে পারে, তা বলো।

What are hidden slides in Power Point? How can we hide a specific slide ? 2+2

Or, After you have prepared Power Point presentation slides, explain how you can insert some new slides in between them.

বিভাগ—ঘ

Group—D **6×2=12**

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) Assembler কী? Assembly language কে High Level language-এর সঙ্গে তুলনা করো।

অথবা, একটি Operating System-এর কাজ কী কী? Single-user আর Multi-user operating system-এর পার্থক্যগুলি উদাহরণ দিয়ে বোঝাও।

What is an Assembler ? Compare Assembly language with High Level language. 2+4

Or, What are the functions of an Operating System? Distinguish between single-user and multi-user Operating System. Give examples. 3+2+1

(b) Imformation এর বিভিন্ন level গুলি কী কী? Character Type-এর ওপর নির্ভর করে Data-র বিভিন্ন প্রকারগুলি কী কী?

অথবা, উদাহরণ দিয়ে বিশ্লেষণ করো — (i) User Defined Data Type, (ii) Structured Data Type.

What are the various levels of Information? Name the different classifications of data in terms of their character types. 5+1

Or, Explain the followings with example : User Defined Data Type, Structured Data Type.

Class-XII

Time : 3 Hours Full Marks : 70

বিভাগ—ক

Group—A **1×6=6**

1. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) একটি indexed file-এ একাধিক key থাকতে পারে। True বা False.

An indexed file may have more than one key. (True or False).

(b) একটি Co-axial cable এর bit-rate সব থেকে বেশি। True বা False.

অথবা, একটি fibre optic cable-এ electrical pulse দ্বারা data পাঠানো হয়। True বা False.

The cable type which offers the highest bit rate is Co-axial cable. (True or False).

Or, In a fiber optic cable, data is transmitted using electrical pulses. (True or False).

উপযুক্ত option টি খুঁজে বের করো।

(c) URL মানে ————

(১) Unary Resource Locator.
(২) Uniform Resource Locator.
(৩) Universal Resource Locator.
(৪) Unique Resource Locator.

অথবা, LAN মানে —

(১) Large Area Network.
(২) Long Area Network.
(৩) Limited Area Network.
(৪) Local Area Network.

Choose the appropriate option.

URL stands for :

(i) Unary Resource Locator.
(ii) Uniform Resource Locator.
(iii) Universal Resource Locator.
(iv) Unique Resource Locator.

Or, LAN stands for :

(i) Large Area Network.
(ii) Long Area Network.
(iii) Limited Area Network.
(iv) Local Area Network.

(d) 010111-এর 2's complement-এর মান —

(১) 01001
(২) 101001
(৩) 101000
(৪) 01000

অথবা, Sign Magnitude notation-এ, n bit ব্যবহার করে সর্বোচ্চ ধনাত্মক সংখ্যাটি হল —

(১) $+(2^{n-1}+1)$

(২) $+(2^{n}-1)$

(৩) $+(2^{n-1}-1)$

(৪) উপরোক্ত কোনোটি নয়।

Choose the most appropriate option

The 2's complement of 010111 is

(i) 01001

(ii) 101001

(iii) 101000

(iv) 01000

Or, In sign magnitude notation, the maximum positive number that can be represented by a n-bit number is :

(i) $+(2^{n-1}+1)$

(ii) $+(2^{n}-1)$

(iii) $+(2^{n-1}-1)$

(iv) None of the above.

শূন্যস্থান পূরণ করো ঃ

(e) একটি 8 input multiplexer এ ———— টি control line থাকে।

Fill in the blanks.

For an 8 input multiplexer there will be ———— control lines.

(f) Excel-এ 27th column ও 30th row-এর address টি ————।

In an Excel Sheet, the address of the cell at the 27th column and 30th row is ————.

বিভাগ—খ

Group—B

2×6=12

2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) MS Excel-এর Formula Bar নিয়ে আলোচনা করো।

Discuss about the Formula Bar in MS Excel.

(b) MS Excel-এ কী কী ধরনের Data ব্যবহৃত হয়?

What are the different types of Data used in MS-Excel?

(c) MS Excel-এ একটি Pie chart কীভাবে বানাবে?

অথবা, একটি Excel sheet-এ একটি নামের column alphabetical order-এ কীভাবে সাজাবে লেখো।

How do you create a Pie Chart in MS Excel?

Or, How can you sort the names by alphabetic order in an Excel Sheet?

(d) MS Access-এ Memo data type সম্বন্ধে লেখো।

অথবা, MS Access-এ Form বলতে কী বোঝ?

Discuss about the Memo data type in MS Access.

Or, What are Forms in MS Access?

(e) e-mail-এর দুটি উপকারিতা লেখো।

State two advantages of e-mail.

(f) Networking-এর দুটি উপকারিতা লেখো।

অথবা, LAN আর WAN-এর দুটি পার্থক্য লেখো।

State two advantages of Networking.

Or, State two differences between a LAN and a WAN.

বিভাগ—গ
Group—C

4×10=40

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) $(-55)_{10}$-এর 16-bit sign magnitude, 1's complement এবং 2's complement binary সমতুল নির্ণয় করো।

অথবা, 2's complement পদ্ধতি ব্যবহার করে বিয়োগ কর, $(11011)_2 - (101)_2$। যোগ করো $(1011.01)_2 + (1101.11)_2$

Find the binary equivalent of $(-55)_{10}$ in 16 bit sign magnitude form, 1's complement form, and 2's complement form.

Or, Subtract $(11011)_2 - (101)_2$ using 2's complement method. Add $(1011.01)_2 + (1101.11)_2$.

(b) De-Multiplexer কী?

অথবা, একটি Full Adder-এর কার্যপদ্ধতি বিশ্লেষণ করো।

What is a De-Multiplexer?

Or, State the basic principle of operation of a Full Adder.

(c) Sequential আর Direct File Organisation-এর পার্থক্যগুলি কী?

অথবা, সংজ্ঞা লেখো ঃ Fixed Head Drive, Latency time, Seek time.

State the differences between Sequential and Direct File Organisation.

Or, Define : Fixed head drive, Latency time, Seek time.

(d) LAN-এর Bus Topology-র বর্ণনা দাও।

অথবা, LAN-এর Star Topology-র বর্ণনা দাও।

Describe Bus Topology of a LAN.

Or, Describe Star Topology of a LAN.

(e) IP Address কী? উদাহরণ দাও।

অথবা, Carrier Sense Multiple Access/Collision Detection (CSMA/CD) বলতে কী বোঝ?

What is an IP address? Give example.

Or, What do you mean by Carrier Sense Multiple Access/Collision Detection (CSMA/CD).

(f) Database কী? Data base? এর বিভিন্ন কাজ সম্বন্ধে লেখো।

What is data base? Write down its specific activities.

(g) Access-এ Design View তে একটি Table-এ কীভাবে একটি Field যোগ করবে লেখো।

অথবা, Design wizard ব্যবহার না করে কীভাবে MS-Access-এ একটি table তৈরি করা যায়?

Illustrate how you can insert a field into a table in Design View, in MS Access.

Or, How do you create a table in MS-Access without using Design Wizard.

(h) Deletion anomaly কী? উদাহরণ দাও।

What is Deletion anomaly? Give an example.

(i) একটি Excel Sheet-এ G column-এর আগে একটি নতুন column কী যোগ করবে লেখো। একটি Excel Sheet-এ 12 নম্বর Row টি কীভাবে delete করবে লেখো।

অথবা, একটি Excel Sheet-এ 10 জন ছাত্র নিয়ে কীভাবে একটি Mark Sheet-তৈরি করা যায় এবং তা তাদের নাম অনুসারে Ascending order-এ সাজাও।

Write the steps that can be used to insert a new column before column G in Excel. Write the steps to delete row number 12 from an Excel sheet.

Or, Write the steps of creating a Mark Sheet for 10 students in MS-Excel and to sort it in Ascending order of their names?

(j) একটি হস্ত লিখিত Worksheet-এর বদলে একটি Electronic worksheet ব্যবহার করার সুবিধাগুলি লেখো।

অথবা, একটি Excel Sheet-এর একটি Cell-এ কী কী ভাবে data ভর্তি করা যায় লেখো।

Explain the advantages of using an Electronic worksheet over a manual worksheet.

Or, List the different ways of entering data into a cell in MS Excel, Worksheet.

বিভাগ—ঘ

Group—D

6×2=12

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) একটি Fibre Optics cable এর বৈশিষ্ট্যগুলি লেখো।

অথবা, Ethernet এর ওপর একটি টীকা লেখো।

Describe the characteristics of a Fibre Optic cable.

Or, Write a short note on Ethernet.

(b) Access-এ একটি Table এর Design view ও Datasheet view কী? Report কী?

অথবা, একটি database-এ relationship-এর প্রয়োজনীয়তা লেখো।

What are Design View and Datasheet View of a table in MS Access? What is Report? 4+2

Or, Explain the need for relationships in a database.

PHYSICS

Class-XI

Time : 3 Hours

Full Marks : 80

বিভাগ—ক

Group—A

$1\times10=10$

1. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(i) যদি $|\vec{A}+\vec{B}|=|\vec{A}-\vec{B}|$ হয়, তবে $\vec{A}$ ও $\vec{B}$ ভেক্টরদ্বয়ের মধ্যে কোণ হবে —

(ক) শূন্য (খ) 45° (গ) 90° (ঘ) 180°.

If $|\vec{A}+\vec{B}|=|\vec{A}-\vec{B}|$, the angle between the vectors $\vec{A}$ and $\vec{B}$ is

(a) Zero (b) 45° (c) 90° (d) 180°


(ii) একরেখীয় গতি সম্পন্ন কোনো কণার সরণ বনাম সময়ের লেখ পার্শ্ববর্তী চিত্রে প্রদর্শিত। এটি নির্দেশ করে যে,

(ক) কণাটি একই দিকে গতি সম্পন্ন।

(খ) কণাটি স্থিরাবস্থায় আছে।

(গ) t_0 সময় অবধি কণার বেগ বৃদ্ধি পায়, তারপর স্থির মান প্রাপ্ত হয়।

(ঘ) t_0 সময় অবধি কণাটি সমবেগে চলে এবং তারপর স্থিরাবস্থা প্রাপ্ত হয়।



The adjacent figure represents the displacement versus time curve of a particle in one dimensional motion. It indicates that

(a) The particle continues its motion along that direction.

(b) The particle is at rest.

(c) The velocity of the particle increases upto a time t_0 and then becomes constant.

(d) The particle moves with a constant velocity upto t_0 and then stops.

(iii) পৃষ্ঠটানের মাত্রীয় সংকেত হল ——————।

অথবা, সান্দ্রতাঙ্কের মাত্রীয় সংকেত হল ——————।

Dimensional formula for surface tension is ————.

Or, Dimensional formula for coefficient of viscosity is ————.

(iv) কোনো চলমান গোলাকার বস্তুর উপর ক্রিয়াশীল সান্দ্রতাজনিত বিরুদ্ধ বল বস্তুটির বেগের সঙ্গে কীরূপে পরিবর্তিত হয়?

অথবা, পদার্থবিদ্যার কোন্ সংরক্ষণ সূত্র থেকে আমরা বার্নৌলির তত্ত্বে উপনীত হতে পারি?

How does the viscous drag on a moving spherical body vary with its velocity?

Or, From which conservation law of physics we can arrive at Bernoulli's theorem?

(v) একটি বিচ্ছিন্ন তন্ত্র বাকি জগতের সঙ্গে আদানপ্রদান করে

(ক) শক্তি।

(খ) ভর।

(গ) শক্তি ও ভর উভয়ই।

(ঘ) উপরের কোনোটিই নয়।

An isolated system exchanges — with the rest of the Universe

(a) energy.

(b) mass.

(c) both mass and energy.

(d) None of the above.

(vi) তাপগতিবিদ্যার আদি সূত্র আমাদের ধারণা দেয় —

(ক) চাপের (খ) তাপমাত্রার (গ) তাপের (ঘ) কার্যের।

Zeroth law of thermodynamics gives the concept of—

(a) pressure (b) temperature (c) heat (d) work.

(vii) যখন আলোর প্রতিসরণ হয় তখন তরঙ্গ বৈশিষ্ট্য যুক্ত নিম্নলিখিত রাশিগুলির মধ্যে কোন্‌টি অপরিবর্তিত থাকে?

(ক) তরঙ্গদৈর্ঘ্য (খ) বিস্তার (গ) কম্পাঙ্ক (ঘ) বেগ।

When light is refracted, which one of the following wave characteristics remains unchanged?

(a) wavelength (b) amplitude (c) frequency (d) velocity.

(viii) একটি বস্তুকে একটি অবতল লেন্সের ফোকাসে রাখা হল। প্রতিবিম্ব কোথায় গঠিত হবে?

অথবা, 'd' বেধের ও 'μ' প্রতিসরাঙ্ক বিশিষ্ট একটি কাচের ফলকের মধ্য দিয়ে যেতে আলোকের সময় লাগে ——————।


An object is placed at the focus of a concave lens. Where will be the image format?

Or, The time taken by light to travel through a glass slab of thickness 'd' and refractive index 'μ' is ————.

(ix) এক কুলম্ব আধানের জন্য কতগুলি ইলেকট্রনের প্রয়োজন?

How many electrons are required to have one coulomb of charge?


(x) প্রত্যেকটি R রোধ বিশিষ্ট নিম্নের রোধ সমবায়ের A ও B-এর মধ্যে তুল্যাঙ্ক রোধ কী হবে?



অথবা, চিত্রের রোধ সমবায়ের A ও B-এর মধ্যে তুল্যাঙ্ক রোধ নির্ণয় করো।

What is the equivalent resistance between A and B of the following combination of resistance each having a value of R.

Or, Find the value of the equivalent resistance between A and B of the combination of resistances as shown in the fig. below.



বিভাগ—খ

Group—B $2\times7=14$

2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(i) একটি মোটর গাড়ি একটি সোজা অনুভূমিক পথে একটি স্থির চালক বলে চালানো হচ্ছে। যদি গাড়িটি স্থির অবস্থা থেকে যাত্রা শুরু করে তবে লেখচিত্রের সাহায্যে সময়ের সঙ্গে এর —

(ক) গতিশক্তির পরিবর্তন

(খ) ক্ষমতার পরিবর্তন দেখাও।

ঘর্ষণ ও বায়ুজনিত বাধা উপেক্ষা করো।

অথবা, একটি ভারী ও একটি হাল্কা বস্তুর একই ভরবেগ থাকলে কোন্ বস্তুটির বেশি গতিশক্তি থাকবে এবং কেন?

(i) A car is driven along a straight horizontal track by a motor exerting a constant driving force. If the car starts from rest, show graphically—

(a) the variation of kinetic energy and

(b) the variation of power with time.

Neglect friction and air resistance.

Or, Two bodies, one heavier and the other lighter, have the same momentum. Which one of them possess higher kinetic energy and why?

(ii) নিউটনের শীতলীকরণ সূত্রটি বিবৃত করো ও ব্যাখ্যা করো।

State Newton's laws of cooling and explain it.

(iii) প্রমাণ করো যে, একটি অবতল দর্পণের বক্রতা কেন্দ্রে বস্তু রাখলে উহার প্রতিবিম্ব একই দৈর্ঘ্যের হবে।

অথবা, f ফোকাস-দূরত্বের একটি উত্তল দর্পণ একটি বস্তুর দৈর্ঘ্যের $\frac{1}{r}$ গুণ দৈর্ঘ্যের প্রতিবিম্ব গঠন করলে দেখাও যে, দর্পণ থেকে বস্তুর দূরত্ব হবে $(r-1)f$।

Prove that for a concave mirror, when the object is placed at the centre of curvature, the image is of the same size as that of the object.

Or, A convex mirror having a focal length of f produces an image whose size is $\frac{1}{r}$ times of the size of an object. Show that the object distance from the mirror is $(r-1)f$.

(iv) প্রতিসরণের ঘটনা আলোকের বেগ পরিবর্তনের সঙ্গে সম্পর্কযুক্ত। যখন আলোকরশ্মি কাচের ফলকে লম্বভাবে আপতিত হয়, তখন আলোকের বেগের পরিবর্তন হয়। তাহলে এক্ষেত্রে আলোকের দিক্ পরিবর্তন হয় না কেন?

অথবা, অভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলনের ক্ষেত্রে সংকট কোণ কী? এটি কীভাবে মাধ্যমের প্রতিসরাঙ্কের সঙ্গে সম্পর্কযুক্ত?

Refraction of light is associated with a change in velocity of light. If light incident normally on a glass slab, there is a change in velocity, then why there is no change in the direction of light?

Or, What is critical angle for total internal reflection? How is it related to the refractive index of the medium?


(v) μ প্রতিসরাঙ্ক বিশিষ্ট একটি অবতল লেন্সকে এমন একটি মাধ্যমে ডোবানো হয়, যে মাধ্যমের প্রতিসরাঙ্ক (ক) μ-এর বেশি (খ) μ-এর সমান এবং (গ) μ-এর কম। লেন্সটির উপর একটি সমান্তরাল রশ্মিগুচ্ছ আপতিত হলে প্রত্যেক ক্ষেত্রে রশ্মিগুলির নিষ্ক্রমণ পথ এঁকে দেখাও।

A concave lens made of a material of refractive index μ is immersed in a medium whose refractive index is (a) greater than (b) equal to and (c) less than μ. When a parallel beam of light is made to incident on the lens, trace the path of emergent ray in each of the above cases.

(vi) প্রদর্শিত বর্তনীতে রোধ R-কে বর্ধিত করা হল। গ্যালভানোমিটারের পাঠে কী প্রভাব পড়বে যদি ব্যাটারির অভ্যন্তরীণ রোধ

(ক) শূন্য, (খ) সসীম হয়?

অথবা, E তড়িচ্চালক বলবিশিষ্ট একটি তড়িৎ কোশ ও শ্রেণি সমবায়ে যুক্ত একটি রোধ R দ্বারা একটি পোটেনসিয়োমিটার বর্তনী তৈরি করা হল। যদি পোটেনসিয়োমিটার তারের মোট রোধ R' হয়, তবে তারের 'l' দৈর্ঘ্যের জন্য বিভব পতন কত হবে?



In a circuit as shown in the figure, the resistance R is increased. What will be the effect on the galvanometer reading if the internal resistance of the battery is

(a) zero (b) finite?

Or, A potentiometer circuit has been made with a cell of e.m.f. E and a resistance R in series. If the total resistance of the potentiometer wire be R', what will be the potential drop for a length '*l*' of the potentiometer wire?

(vii) সৌরকেন্দ্রে কোন্ প্রক্রিয়ায় শক্তি উৎপন্ন হয়?

এই প্রক্রিয়ায় সংশ্লিষ্ট CNO চক্রের বিভিন্ন ধাপগুলি উল্লেখ করো।

By which process energy is produced within the solar core? Mention different steps involved in the CNO cycle in this process.

বিভাগ—গ

Group—C

$4 \times 11 = 44$

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(i) একটি সামান্তরিকের দুটি সন্নিহিত বাহু $\vec{A} = \hat{i} + 2\hat{j} + 3\hat{k}$ এবং $\vec{B} = 2\hat{i} - 3\hat{j} + \hat{k}$ দ্বারা প্রকাশিত। সামান্তরিকটির ক্ষেত্রফল নির্ণয় করো। $\vec{A}$ ও $\vec{B}$-এর ধারক সমতলের লম্বাভিমুখে একক ভেক্টরটিও বের করো।

অথবা, রৈখিক ভরবেগের সংরক্ষণ সূত্রটি বিবৃত করো। কোনো দৃঢ় অবলম্বন থেকে M ভরের একটি কাঠের ব্লক ঝুলানো আছে। *m* ভরের একটি বুলেট *v* বেগে ব্লকটিকে আঘাত করে এবং বুলেটটি কাঠের ব্লকের মধ্যে গেঁথে গেলে, ব্লকটি কত উচ্চতায় উঠবে, যদি ব্লকটি আঘাতের আগে স্থিরাবস্থায় থাকে?

Calculate the area of a parallelogram whose two adjacent sides are given by $\vec{A} = \hat{i} + 2\hat{j} + 3\hat{k}$ and $\vec{B} = 2\hat{i} - 3\hat{j} + \hat{k}$. Also find the unit vector along the normal to the plane of $\vec{A}$ and $\vec{B}$.

Or, State the principle of conservation of linear momentum. A bullet of mass *m* moving at velocity *v* hits a wooden block of mass M suspended by a string from a rigid support. If the bullet gets embedded in the block, how high will the block rise, if the block was initially at rest?

(ii) সংরক্ষী এবং অপকরী বল কাকে বলে? প্রমাণ করো যে, সংরক্ষী বলের ক্ষেত্রে মোট যান্ত্রিক শক্তি সংরক্ষিত হয়।

অথবা, কোনো বস্তুকণার ভরবেগ ছাড়া শক্তি এবং শক্তি ছাড়া ভরবেগ থাকতে পারে কি?

M ভরের এক বালক বরফের অনুভূমিক মসৃণ তলের উপর দাঁড়িয়ে m-ভরের একটি বলকে অনুভূমিক দিকে ছুঁড়ে দিল। t-সময় পরে তাদের মধ্যে দূরত্ব x হলে, বলটি ছোঁড়ার সময় বালকটি কী পরিমাণ কার্য করেছিল?

Define conservative and dissipative force? Prove that the total mechanical energy is conserved in case of conservative force.

Or, For a particle, can there be any energy without momentum and momentum without energy?

A boy of mass M standing on a smooth horizontal plane of ice throws a ball of mass m in the horizontal direction. If the distance between them is x after a time 't' what was the amount of work done by the boy at the time of throwing the ball?

(iii) স্টোক্সের সূত্রটি বিবৃত করো। 'সীমান্ত বেগ' বলতে কী বোঝ? অসীম বিস্তৃতির একটি সান্দ্র মাধ্যমে পড়ন্ত গোলকের সীমান্ত বেগের রাশিমালা নির্ণয় করো।

অথবা, তরলের পৃষ্ঠটান ও পৃষ্ঠশক্তি বলতে কী বোঝ? এদের মধ্যে সম্পর্ক নির্ণয় করো।

State Stokes law. Define terminal velocity and obtain an expression for terminal velocity of a sphere falling through a viscous medium of infinite extent.

Or, What do you mean by surface tension and surface energy of liquid? Obtain the relation between them.

(iv) একটি সংস্থার সাম্য অবস্থা বলতে কী বোঝ? কয় প্রকারের সাম্য অবস্থা আছে? ভরকেন্দ্রের সংজ্ঞা দাও।

1kg ও 2 kg ভরের দুটি বস্তুকে x ও y অক্ষের উপর যথাক্রমে মূলবিন্দু থেকে 1m ও 2 m দূরে রাখা আছে। সংস্থাটির ভরকেন্দ্রের অবস্থান বের করো।

অথবা, দুটি একতলীয় অসম বল কি কোনো সাম্য অবস্থা সৃষ্টি করতে পারে? ব্যাখ্যা দাও।

মাটিতে পোঁতা একটি টেলিগ্রাফের পোস্টে 8 মিটার দৈর্ঘ্যের দড়ি বেঁধে অন্য প্রান্তে একজন লোক টানছে। পোস্টের কোন্ বিন্দুতে দড়ি বাঁধলে পোস্টটিকে উল্টানো সহজ হবে?

What do you mean by equilibrium state of a system?
How many types of equilibrium are there?
Define centre of mass.

Two particles of masses 1kg and 2 kg are situated on x and y axes respectively at distances 1m and 2 m from the origin. Locate the centre of mass of the system.

Or, Can two unequal co-planar forces create an equilibrium state? Explain.

A man is pulling a telegraph post erected on the ground with a string of length 8 metre wrapping one end of the string on the post. At what point of the post the string should be wrapped so that it would be easier to over turn the post?

(v) আর্কিমিদিসের নীতিটি বিবৃত করো। প্লবতার সংজ্ঞা দাও।

ওই নীতি ব্যবহার করে তরলে কোনো বস্তুর ভাসনের শর্ত নির্ণয় করো।

অথবা, দেখাও যে হাইড্রোলিক প্রেসে শক্তির সংরক্ষণ সূত্র বজায় থাকে। একটি বস্তুর আয়তন x cm^3 এবং এর y অংশ জলে নিমজ্জিত অবস্থায় ভাসতে পারে। বস্তুর ওজন ও ঘনত্ব কী হবে?

State Archimedes' principle. Define buoyancy. Use the above principle to derive the condition of floatation of a body in a liquid.

Or, Show that in hydraulic press, principle of conservation of energy holds good.

The volume of a body is x cm^3 and it can float on water keeping y part of its volume immersed in water. What is the weight and density of the body?

(vi) ক্যালরিমিতির নীতি কি প্রযোজ্য হবে যদি —

(ক) ক্যালরিমিটারে জল থাকে এবং কঠিন পদার্থটি চিনি হয়,

(খ) ক্যালরিমিটারের কঠিন ও তরল পদার্থ পরস্পরের সঙ্গে রাসায়নিক বিক্রিয়া করে?

এক খণ্ড বরফে সমহারে তাপ দেওয়া হচ্ছে। 2 সেকেন্ড পরে বরফ গলতে শুরু করে এবং পরবর্তী 20 সেকেন্ডে জল সম্পূর্ণ হয়। বরফের প্রাথমিক উষ্ণতা বের করো। (বরফের আপেক্ষিক তাপ = 0·5 এবং বরফের গলনের লীনতাপ = 80 cal / g)

অথবা, α দৈর্ঘ্য প্রসারণ গুণাঙ্কবিশিষ্ট একটি লম্বা বেলনাকার পাত্র একটি নির্দিষ্ট তল পর্যন্ত কোনো তরলে পূর্ণ আছে। উত্তপ্ত করলে দেখা যায় যে পাত্রে তরলের তল একই থাকে। তরলের আয়তন প্রসারণ গুণাঙ্ক কত?

একটি পিতলের তৈরি স্কেল 0°C উষ্ণতায় সঠিক পাঠ দেয়। 30°C উষ্ণতায় উক্ত স্কেলের সাহায্যে মাপা বর্ধিত দৈর্ঘ্যের শতকরা ত্রুটির পরিমাণ নির্ণয় করো।

(পিতলের $\alpha = 18 \times 10^{-6}$ / °C)

Will the principle of calorimetry hold good if

(a) the calorimeter contains water and the solid is sugar?

(b) the solid and the liquid in the calorimeter react chemically?

Heat is supplied at a uniform rate to a piece of ice. The melting begins after 2 s and becomes complete in the next 20 s. Calculate the initial temperature of the ice.

(Specific heat of ice = 0·5, latent heat of fusion of ice = 80 cal/g).

Or, A long cylindrical vessel having a linear co-efficient of expansion α is filled with a liquid upto a certain level. On heating, it is found that the level of the liquid in the cylinder remains the same. What is the volume co-efficient of expansion of the liquid?

A brass scale gives correct reading at 0°C. Calculate the percentage error that will come up while increasing a length with that scale at 30°C. (α of brass = 18×10^{-6}/°C)

(vii) কৃষ্ণ বস্তুর বিকিরণের ক্ষেত্রে কির্সফের সূত্রটি বিবৃত ও ব্যাখ্যা করো।

গ্রিন হাউস এফেক্ট ও গ্লোবাল ওয়ার্মিং-এর ব্যাখ্যা দাও।

State and explain Kirchhoff's law for black body radiation.

Explain 'Green House effect' and 'Global Warming'.

(viii) একটি বস্তুকণা '*f*' ফোকাসদৈর্ঘ্য সম্পন্ন একটি উত্তল লেন্সের প্রধান অক্ষ বরাবর '*a*' বিস্তার নিয়ে সরল দোলগতি সম্পন্ন করে। ওই দোলগতির মধ্যবিন্দু লেন্স থেকে '*b*' দূরত্বে অবস্থিত। কণাটির প্রতিবিম্বের দোলনের বিস্তার নির্ণয় করো।

অথবা, দুটি পাতলা লেন্সকে সমাক্ষীয় ভাবে পরস্পর সংলগ্ন অবস্থায় রাখা হল। ওই সমবায়ের তুল্যাঙ্ক ফোকাস-দৈর্ঘ্য কী হবে?

বায়ুতে একটি উত্তল লেন্স ও অবতল দর্পণের ফোকাস-দৈর্ঘ্য সমান। এদেরকে জলে ডুবিয়ে রাখলে ফোকাস-দৈর্ঘ্য কি একই থাকবে? যদি না হয় তাহলে কোন্‌টির বেশি হবে এবং কেন?

A particle executes simple harmonic motion with an amplitude of '*a*' along the principal axis of a convex lens having focal length '*f*'. The mean position of oscillation is at '*b*' from the lens.

Find the amplitude of oscillation of the image of the particle.

Or, Two thin lenses are kept in contact coaxially. What will be their equivalent focal length? The focal lengths of a convex lens and a concave mirror are same in air. If the lens and mirror be immersed in water, will their focal length change? If not, which one will have greater focal length and why?

(ix) μ প্রতিসরাঙ্কবিশিষ্ট একটি কাচের প্রিজমের একটি প্রতিসারক তলে আলোক

আপতিত হলে অন্য তল দিয়ে আলোক-রশ্মির নিষ্ক্রমণ না হওয়ার জন্য প্রিজমের কোণের সীমাস্থ মানের শর্ত নির্ণয় করো। প্রিজমটিকে জলে ডুবিয়ে রাখলে আবার আলোক নির্গত হয়। ব্যাখ্যা করো।


একটি পাতলা প্রিজমের উপর আলোক-রশ্মির প্রায় লম্বভাবে আপতনের জন্য বিচ্যুতির পরিমাণ কী হবে?

Find the condition for the limiting angle of a glass prism of refractive index μ so that no light can emerge from it when incident on the other refracting face. If the prism is immersed in water, emergent light is again obtained. Explain.

What will be the deviation produced by a thin prism when light is made to incident almost normally?

(x) একটি পরিবাহী জালে তড়িৎপ্রবাহ বণ্টনের কির্সফের সূত্রগুলি বিবৃত করো।

চিত্রে কয়েকটি পরিবাহীর দ্বারা গঠিত একটি তড়িৎ বর্তনীর জন্য প্রত্যেকটি লুপে তড়িৎপ্রবাহের মান নির্ণয় করো।



অথবা, রোধের উষ্ণতা গুণাঙ্কের সংজ্ঞা দাও।

P, Q, R এবং S এই চারটি রোধ একটি পোস্ট অফিস বাক্সের চার বাহু গঠন করে এবং এদের রোধ যথাক্রমে 2Ω, 2Ω, 2Ω এবং 3Ω। S-রোধের সঙ্গে কত রোধ সমান্তরাল সমবায়ে যুক্ত করলে পোস্ট অফিস বাক্সের সাম্য অবস্থা পাওয়া যাবে?

State Kirchhoff's laws for distribution of current in a network of conductors.

For the network of conductors forming an electrical circuit as shown in the figure, find the current in each loop.

Or, Define temperature coefficient of resistance.

P, Q, R and S resistances form the four arms of a P.O. box whose values are 2Ω, 2Ω, 2Ω and 3Ω respectively. What would be the resistance that should be connected in parallel with S so that null condition will be obtained for the P.O. box?

(xi) নিউক্লিয় বিভাজন ও সংযোজন প্রক্রিয়ার মধ্যে প্রত্যেক নিউক্লিয়নের ক্ষেত্রে কোন্‌টি অধিক শক্তি নির্গত করে এবং কেন?

নিউক্লিয়নগুলির মধ্যে ক্রিয়াশীল বিভিন্ন বলগুলি কী?

নিউক্লিয় বিক্রিয়াটি সম্পন্ন করো এবং লব্ধ ফলের যথাযথ ব্যাখ্যা করো।

${}^{14}_{7}N+{}^{4}_{2}He \rightarrow$

অথবা, স্বতঃস্ফূর্তভাবে সংঘটিত তেজস্ক্রিয়াজনিত ক্ষয়শ্রেণিতে এমন অনেক উদাহরণ দেখা যায় যে, একটি নিউক্লিয়াস থেকে পরপর একটি আলফা কণা ও দুটি বিটা কণা নির্গত হয়। দেখাও যে, অন্তিম নিউক্লিয়াসটি প্রারম্ভিক নিউক্লিয়াসের একটি আইসোটোপ। প্রারম্ভিক ও অন্তিম নিউক্লিয়াস দুটির ভরসংখ্যার কী পরিবর্তন হয়?

অঙ্গীকার সহ $N = N_0 e^{-\lambda t}$ সমীকরণটি প্রমাণ করো।

(চিহ্নগুলি প্রচলিত অর্থ বহন করে)।

Out of nuclear fission and fusion processes, which one releases more energy per nucleon and why?

What are the various forces acting between the nucleons? Complete the nuclear reaction and interpret the result.

${}^{14}_{7}N+{}^{4}_{2}He \rightarrow$ ....

Or, In naturally occurring radioactive decay series there are several examples in which a nucleus emits an α-particle followed by two beta-particles. Show that the final nucleus is an isotope of the original one. What is the change in mass number between the original and the final nuclei?

Prove that $N = N_0 e^{-\lambda t}$ stating the assumption that has been made. [The symbols have their usual meaning.]

বিভাগ—ঘ
Group—D

6×2=12

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(i) অকার্যকর ভেক্টরের সংজ্ঞা কীভাবে দেওয়া হয়?

দুটি ভেক্টর $\vec{P}$ এবং $\vec{Q}$ পরস্পর θ কোণে আনত অবস্থায় ক্রিয়া করছে।

$\vec{P}$-র দিকে $\vec{Q}$-র ভেক্টর উপাংশ নির্ণয় করো।

ভূমির সাথে θ কোণে একটি বস্তুকে উৎক্ষেপণ করা হল। বস্তুটির কক্ষপথের প্রকৃতি নির্ণয় করো।

বস্তুটি ভূমিতে পৌঁছানো পর্যন্ত মোট সময়ও নির্ণয় করো।

অথবা, স্থিতিস্থাপক ও অস্থিতিস্থাপক সংঘর্ষ বলিতে কী বোঝ?

দুটি একই ধরনের ভর যথাক্রমে u_1 এবং u_2 প্রাথমিক বেগ নিয়ে মুখোমুখি স্থিতিস্থাপক সংঘর্ষ ঘটায়। সংঘর্ষের পর এদের বেগ কী হবে?

How is a null vector defined?

Two vectors $\vec{P}$ and $\vec{Q}$ are acting at an angle θ in between them. Find the vector component of $\vec{Q}$ along the direction of $\vec{P}$.

A particle is thrown at an angle θ with the horizontal. Find the nature of the trajectory of the particle.

Find also the total time of travel when it reaches the ground.

Or, What do you mean by elastic and inelastic collision?

Two identical masses with initial velocities u_1 and u_2 respectively undergo head-on elastic collision. What will be their velocities after collision?

(ii) m ভরের একটি বস্তুকণা x-অক্ষ বরাবর মূলবিন্দুর সাপেক্ষে $F = -kx$ বল দ্বারা চালিত হবার ফলে দোলে। k একটি ধনাত্মক ধ্রুবক। x-এর সাপেক্ষে বস্তুটির স্থিতিশক্তির লেখচিত্র অঙ্কন করো। এটি কী ধরনের দোলন এবং কেন একে এইভাবে নামকরণ করা হয়?

এই ধরনের গতির অবকলন সমীকরণ ও তার সমাধানটি লেখো। দেখাও যে, এই ধরনের গতির ক্ষেত্রে গতিবেগ শূন্য হবে যখন বস্তুকণাটির সরণ সর্বোচ্চ হবে।

অথবা, একটি সরল দোলগতি সম্পন্ন তরঙ্গের সমীকরণটি

$Y = 5 \sin 2\pi\left(\frac{t}{0 \cdot 05} - 0 \cdot 05x\right)$ দ্বারা সূচিত হলে, তরঙ্গের বেগ নির্ণয় করো।

একই বিস্তার, কম্পাঙ্ক এবং তরঙ্গদৈর্ঘ্যবিশিষ্ট এবং একই অভিমুখে গতিশীল কিন্তু ভিন্ন দশার দুটি সরল দোলগতির তরঙ্গের উপরিপাতের সৃষ্টি করা হল।

লব্ধি তরঙ্গ নির্ণয় করো।

দেখাও যে, কোনো একটি বিন্দুতে তীব্রতা হবে —

(ক) সর্বোচ্চ, যখন তরঙ্গ দুটি একই দশা সম্পন্ন হয়।

(খ) শূন্য, যখন তরঙ্গ দুটি বিপরীত দশা সম্পন্ন হয়।

অনুনাদ কী? একটি অনুনাদী বস্তুর উদ্দীপনার কারণ কী?

A particle of mass 'm' is executing oscillations about the origin on the x-axis driven by a force $F = -kx$, where k is positive constant.

Sketch the variation of the potential energy of the particle with x. What type of motion it is and why is it so called?

Write down the differential equation of motion of such a particle and its solution.

Show that, for such type of motion, the velocity is zero when the displacement is maximum.

Or, A simple harmonic wave is represented by

$$Y = 5 \sin 2\pi\left(\frac{t}{0 \cdot 05} - 0 \cdot 05x\right)$$

Find the wave velocity.

Two simple harmonic waves having same amplitudes, frequencies and wavelengths but differing in phases while moving in the same direction are made to superpose. Find the resultant wave motion. Show that the intensity at a point will be

(a) maximum when their superposition occurs in the same phase.

(b) zero when their superposition occurs in the opposite phase.

What is resonance? What is the cause of excitation of a resonating body?

Class-XII

Time : 3 Hours Full Marks : 80

বিভাগ—ক
Group—A

1. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়। $1 \times 10 = 10$

Answer the following questions. Alternatives are to be noted.

Some questions below have four alternative answers. Choose the correct alternative. For other questions, answer in one or two words only.

(a) একটি সরল দোলক xy-তলে দুলতে থাকলে দোলকের কৌণিক ভরবেগ

(১) x-অক্ষের দিকে, (২) y-অক্ষের দিকে, (৩) z-অক্ষের দিকে, (৪) v-এর দিকে।


অথবা, একটি বস্তুকণা কোনো অক্ষ সাপেক্ষে সমকৌণিক বেগে ঘুরতে থাকলে বস্তুকণার,

(১) বেগ ও ত্বরণ ধ্রুবক হবে।

(২) দ্রুতি ও ত্বরণ ধ্রুবক কিন্তু বেগ ধ্রুবক নয়।

(৩) বেগ ও ত্বরণ ধ্রুবক নয় কিন্তু দ্রুতি ধ্রুবক।

(৪) ত্বরণ ও দ্রুতি ধ্রুবক।



A simple pendulum is oscillating in the xy-plane. Its angular momentum is parallel to

(i) x-axis

(ii) y-axis

(iii) z-axis

(iv) parallel to the direction of v.

Or, If a body rotates about an axis with a constant angular velocity, then,

(i) both velocity and acceleration are constant.

(ii) speed and acceleration are constant, velocity is not constant.

(iii) velocity and acceleration are not constant, speed is constant.

(iv) acceleration and speed are constant.

(b) একটি ফাঁপা ও পাতলা গোলকের মধ্যে কোনো বিন্দুতে মহাকর্ষীয় প্রাবল্যের মান,

(১) কেন্দ্র থেকে বিন্দুর দূরত্ব বাড়লে কমবে।

(২) ধ্রুবক হবে কিন্তু মান শূন্য নয়।

(৩) শূন্য হবে।

(৪) কেন্দ্র থেকে বিন্দুর দূরত্ব বাড়লে বাড়বে।

Consider a region inside a thin spherical shell. The gravitational

intensity at a point inside the sphere.

(i) decreases with the increase of distance from the centre.


(ii) is constant and not equal to zero.

(iii) is zero.

(iv) increases with the increase of distance from the centre.

(c) সমোষ্ণ সংকোচনের ক্ষেত্রে কোনো গ্যাসের অভ্যন্তরীণ শক্তি ———।

অথবা, A ও B দুটি পাত্রের প্রত্যেকটিতে 1 গ্রাম-মোল আদর্শ গ্যাস রাখা আছে ও তাদের দশা V-T লেখচিত্রে দেখানো হয়েছে। A ও B পাত্রে গ্যাসের চাপ যথাক্রমে p_A ও p_B হলে p_A ——— p_B ।



In an isothermal compression of a gas, its internal energy ——.

Or, Two vessels A and B contain 1 g-mole each of ideal gas. Their states are represented in the V-T diagram as shown. If p_A and p_B be their pressures, then p_A ——— p_B.

(d) কোনো আদর্শ গ্যাসের বেগের বর্গ মাধ্যমূলের মান ধরা যাক c। তাপমাত্রা স্থির রেখে গ্যাসের আয়তন দু-গুণ করলে ওই মান হবে

(১) $2c$

(২) $\sqrt{2}\,c$

(৩) $\frac{c}{\sqrt{2}}$

(৪) c

The root mean square (rms) velocity of the molecule of an ideal gas is c. If the volume of the gas is doubled, keeping its temperature constant, the rms velocity becomes --

(i) $2\,c$.

(ii) $\sqrt{2}\,c$.

(iii) $\frac{c}{\sqrt{2}}$.

(iv) c.

(e) একটি সনোমিটারে দুটি অভিন্ন উপাদানের তার লাগানো আছে ও এদের টানও অভিন্ন। তার দুটির দৈর্ঘ্য ও ব্যাসার্ধের অনুপাত যথাক্রমে 2 : 1 ও 1 : 4 হলে এদের কম্পাঙ্কের অনুপাত হবে —

(১) 2 : 1 (২) 1 : 2 (৩) 1 : 1 (৪) $\sqrt{2}$: 1

অথবা, একটি দু-মুখ খোলা নলের বায়ুস্তম্ভের মূলসুরের কম্পাঙ্ক n। নলটির অর্ধেক জলে ডোবালে বায়ুস্তম্ভের মূলসুরের কম্পাঙ্ক হবে

(১) $\frac{n}{2}$ (২) $\frac{3n}{4}$ (৩) n (৪) $2n$.

A sonometer has two wires of the same material and is under the same tension. If their lengths and radii are in the ratios 2 : 1 and 1 : 4 respectively, then the frequencies are in the ratio

(i) 2 : 1 (ii) 1 : 2 (iii) 1 : 1 (iv) $\sqrt{2}$: 1

Or, The fundamental frequency of the air column in a tube open at both ends is n. Half of the tube is immersed in water. The fundamental frequency of the air column is now

(i) $\frac{n}{2}$ (ii) $\frac{3n}{4}$ (iii) n (iv) $2n$.

(f) দুটি সুসংগত আলোক-তরঙ্গের প্রত্যেকটির তীব্রতা I। তরঙ্গ দুটির উপরিপাতের ফলে উৎপন্ন ব্যতিচার ঝালরের উজ্জ্বল পটির তীব্রতা হবে ————।

Two coherent sources of light, each of intensity I, interfere. The intensity of the maximum of the interference pattern is ————.

(g) কোনো আধানযুক্ত পরিবাহীকে সুতা দ্বারা ঝোলানো অন্য একটি আধানহীন পরিবাহী গোলকের খুব কাছে আনা হল। ঝোলানো পরিবাহী গোলকটি

(১) আকর্ষিত হয়ে আধানযুক্ত পরিবাহীর গায়ে লেগে থাকবে।

(২) আকর্ষিত বা বিকর্ষিত হবে না।

(৩) প্রথমে আকর্ষিত হবে এবং আধানযুক্ত পরিবাহীটিকে স্পর্শ করেই বিকর্ষিত হবে।

(৪) বিকর্ষিত হবে।

An uncharged conducting ball is suspended by a thread and a charged conductor is brought close it. The conducting ball will

be

(i) attracted by the charged conductor and would remain in contact with it.

(ii) neither attracted nor repelled.

(iii) attraced by the charged conductor and will be repelled after touching it.

(iv) repelled by the charged conductor.

(h) কোনো তড়িৎ-ধারকের একটি পাতকে E তড়িৎচালক বল সম্পন্ন একটি কোশের সঙ্গে যুক্ত করা হল ও অন্য পাতটিকে একটি পরিবাহী তার দ্বারা মাটিতে যুক্ত করা হল। ভূ-সংযোগ বিচ্ছিন্ন করলে পাতদুটির মধ্যে বিভবপ্রভেদ ________।

One of the plates of a capacitor is connected to a battery of e.m.f. E and the other plate is connected to earth. The potential difference between the capacitor plates is ________ when the earthing wire is removed.

(i) দশমিক পদ্ধতিতে 11 সংখ্যাটিকে দ্বিত সংখ্যায় রূপান্তরিত করলে সংখ্যাটি হবে

(১) 1101 (২) 1011 (৩) 1110 (৪) 1100

The binary number corresponding to 11 is

(i) 1101 (ii) 1011 (iii) 1110 (iv) 1100

(j) হাইড্রোজেন ও আয়নিত হিলিয়ামের বামার শ্রেণির বর্ণালির তরঙ্গদৈর্ঘ্যের অনুপাত হবে —

(১) 1 : 2 (২) 1 : 4 (৩) 4 : 1 (৪) 2 : 1

অথবা, প্রারম্ভ কম্পাঙ্কের থেকে বেশি কম্পাঙ্কবিশিষ্ট কোনো আলোকরশ্মি একটি ধাতব পাতের উপর পতিত হল। আলোক-তড়িৎ ক্রিয়ায় নির্গত ইলেকট্রনের গতিশক্তি

(১) আলোকের তীব্রতার সমানুপাতিক ও কম্পাঙ্কের উপর নির্ভরশীল নয়।

(২) আলোকের কম্পাঙ্কের সমানুপাতিক ও তীব্রতার উপর নির্ভরশীল নয়।

(৩) আলোকের তীব্রতা ও কম্পাঙ্কের সমানুপাতিক।

(৪) তীব্রতা ও কম্পাঙ্কের উপর নির্ভরশীল নয়।

The wavelengths of the spectral lines of the Balmer series of the hydrogen atom and those of an ionised helium atom are in the ratio — (i) 1 : 2 (ii) 1 : 4 (iii) 4 : 1 (iv) 2 : 1

Or, Light having frequency greater than the threshold frequency is incident on a metal surface. The maximum kinetic energy of the photoelectrons is

(i) proportional to the intensity and independent of frequency of light.
(ii) proportional to the frequency and independent of intensity of light.
(iii) proportional to intensity and frequency of light.
(iv) independent of frequency and intensity of light.


বিভাগ—খ

Group—B $2 \times 7 = 14$


2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।
Answer the following questions. Alternatives are to be noted.

(a) একই রকম আধানযুক্ত দুটি পরিবাহী কি পরস্পরের দ্বারা আকর্ষিত হতে পারে? উত্তরটি ব্যাখ্যা করো।
Can two likely charged balls be attracted towards each other? Explain your answer.

(b) সমান্তরাল দুটি পাতের প্রত্যেকটিতে Q আধান আছে ও প্রত্যেকটির ক্ষেত্রফল S। পাতদুটির দৈর্ঘ্য ও প্রস্থের তুলনায় এদের মধ্যকার দূরত্ব অনেক কম। চিত্রে দেখানো A ও B বিন্দুদুটিতে তড়িৎপ্রাবল্যের মান কী হবে?



অথবা, একটি বর্গাকার ক্ষেত্রের তিনটি কৌণিক বিন্দুতে প্রত্যেকটিতে $+q$ আধান রাখা হল। ক্ষেত্রটির কেন্দ্রবিন্দুতে (O) তড়িৎপ্রাবল্যের মান কী হবে ও কোন্ দিকে ক্রিয়া করবে?



Two parallel metal plates, each of area S, carry identical charge Q. The distance between the plates is much less than their linear

dimensions. What are the values of electric field at A and B. *(Shown in the figure).*

Or, Three identical charges ($+q$) are placed at the three corners of a square of side a. What is the electric field at the centre of the square (O)? Indicate the direction.

(c) কোনো তড়িৎ-ধারকের ধারকত্বকে একটি পাত্রের ধারণক্ষমতার সঙ্গে সচরাচর তুলনা করা হয়ে থাকে। পাত্রের আকার কী রকম হলে এই তুলনাটি যথাযথ হবে?

অথবা, C ধারকত্ব বিশিষ্ট একটি ধারককে E তড়িৎচালক বল বিশিষ্ট কোনো তড়িৎকোশের সঙ্গে যুক্ত করে রাখলে ধারকের পাতে তড়িৎআধান ও ধারকে মোট সঞ্চিত শক্তি কত হবে? কোশের দ্বারা কৃতকার্যের পরিমাণ কত?

An analogy is frequently made between capacitance and the capacity of a vessel. How should the vessel be shaped for this analogy to be true?

Or, A capacitor of capacitance C is connected to a battery of e.m.f. E. What is the final charge on the capacitor and the energy stored in it? How much work is done by the battery?

(d) বিনতি কোণ কাকে বলে? পৃথিবীর কোন্ স্থানে পৃথিবীর চৌম্বক প্রাবল্যের উল্লম্ব উপাংশ শূন্য হবে?

অথবা, একটি গ্যালভানোমিটারকে কী করে একটি অ্যামমিটারে রূপান্তরিত করা যায় সংক্ষেপে বর্ণনা করো।

Define angle of dip. Where is the vertical component of the earth's magnetic field zero?

Or, Briefly state, how a galvanometer can be converted into an ammeter.

(e) নিম্নলিখিত তড়িৎচুম্বকীয় তরঙ্গগুলিকে ক্রমবর্ধমান তরঙ্গদৈর্ঘ্য অনুযায়ী সাজাও—রেডিও তরঙ্গ, অতিবেগুনি তরঙ্গ, গামা-রশ্মি, মাইক্রোতরঙ্গ, এক্স-রশ্মি।

Arrange the following electromagnetic waves in increasing order of wavelengths :

Radio waves, Ultraviolet rays, γ-rays, Microwaves, X-rays.

(f) একটি p-n সংযোগ ডায়োডে সম্মুখ বায়াস দিয়ে একটি বর্তনী অঙ্কন করো।

অথবা, p-n সংযোগ ডায়োড দ্বারা অর্ধতরঙ্গ একমুখীকরণের জন্য একটি বর্তনী অঙ্কন করো।

Draw a circuit diagram of a p-n junction diode in forward bias.

Or, Draw a circuit diagram of a half-wave rectifier using p-n junction diode.

(g) AND গেটের লজিক চিহ্ন ও ট্রুথ টেবিলটি বর্ণনা করো।
Give logic symbol and truth table of an AND gate.

বিভাগ—গ

Group—C $4 \times 11 = 44$

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।
Answer the following questions. Alternatives are to be noted.

(a) কৌণিক ভরবেগ ও টর্ক কাকে বলে ও এদের মধ্যে সম্পর্ক কী?
m ভর ও l দৈর্ঘ্যবিশিষ্ট একটি সুষম দণ্ডের একপ্রান্ত আটকানো আছে ও দণ্ডটিকে অনুভূমিক অবস্থান থেকে আস্তে ছেড়ে দেওয়া হল। দণ্ডটি যখন উল্লম্ব অবস্থানে আসবে তখন দণ্ডটির কৌণিক বেগ কী হবে?
Define angular momentum and torque. Write down the relation between them.
A uniform rod of mass m and length l is suspended at one end and is held in a horizontal position. If it is gently released so that it starts falling, what will be the angular velocity of the rod when it comes in the vertical position?

(b) একটি কৃত্রিম উপগ্রহ r ব্যাসার্ধের বৃত্তাকার পথে প্রদক্ষিণরত। দেখাও যে, কক্ষপথে উপগ্রহের দ্রুতি উপগ্রহের ভর নিরপেক্ষ। কক্ষপথে আবর্তনকাল T হলে দেখাও যে $T^2 \propto r^3$।

অথবা, পৃথিবীপৃষ্ঠের কোনো বিন্দুতে মহাকর্ষীয় বিভবের মান কত (পৃথিবীকে M ভরের এবং ব্যাসার্ধের একটি সমসত্ত্বগোলক ধরে নাও)? কমপক্ষে কত বেগে কোনো বস্তুকে পৃথিবীপৃষ্ঠ থেকে ছুঁড়লে আর ফিরে আসবে না? বস্তুটিকে কি উল্লম্বভাবে ছুঁড়তে হবে না পৃথিবীপৃষ্ঠের সঙ্গে যে-কোনো কোণে ছুঁড়লেই হবে?

An artificial satellite revolves round the earth in a circular orbit of radius r. Show that the orbital speed of a satellite is independent of its mass. Show that if T be the period of revolution of the satellite, then $T^2 \propto r^3$.

Or, Write down the expression for the gravitational potential at a point on the surface of the earth (assumed to be a uniform sphere of radius R and mass M). With what minimum velocity should a particle be projected from the earth's surface so that it does not

return. Should it be thrown vertically or at any angle with the vertical?

(c) স্থির চাপে ও স্থির আয়তনে আপেক্ষিক তাপ কাকে বলে? একটি আদর্শ গ্যাসের ক্ষেত্রে এই দুটির মধ্যে সম্পর্ক নির্ণয় করো।

অথবা, 0°C তাপমাত্রায় ও প্রমাণ বায়ুমণ্ডলীয় চাপে (1 atm) কোনো গ্যাসের আয়তন রুদ্ধতাপ প্রক্রিয়ায় সংকুচিত করে অর্ধেক করলে গ্যাসের চাপ ও তাপমাত্রার মান কী হবে? ($\gamma = 1{\cdot}67$)।

Define specific heat at constant pressure (C_p) and specific heat at constant volume (C_v). Derive the relation between C_p and C_v for a perfect gas.

Or, A certain amount of gas at 0°C and at atmospheric pressure is adiabatically compressed to half its volume. If $\gamma = 1{\cdot}67$, what are the values of final pressure and temperature of the gas?

(d) গ্যাসের গতীয় তত্ত্বের মূল অঙ্গীকারগুলো *(লিখতে হবে না)* থেকে একটি আদর্শ গ্যাসের সমীকরণটি নির্ণয় করো।

অথবা, প্রমাণ চাপ ও উষ্ণতায় একটি গ্যাসের অণুর r.m.s. বেগ = 1·0 km/s হলে ওই গ্যাসের ঘনত্ব কত? চাপ যদি স্থির রাখা হয় তাহলে 100°C তাপমাত্রায় ঘনত্ব কত হবে?

Starting with the assumptions of the kinetic theory of gases *(need not state)*, obtain the equation of state of a perfect gas.

Or, At standard temperature and pressure the r.m.s. speed of the molecules of a gas is 1·0 km/s. What is the density of the gas? If the pressure is held constant, what will be the density at 100°C?

(e) সংক্ষেপে হাইগেনসের নীতি ব্যাখ্যা করো ও এই নীতির সাহায্যে আলোকের প্রতিফলনের সূত্র প্রমাণ করো।

অথবা, আলোকের ব্যতিচার সংক্রান্ত ইয়ং-এর দ্বিরেখা ছিদ্র পরীক্ষাটি সংক্ষেপে বর্ণনা করো। পটির প্রস্থ কাকে বলে? এর একটি ব্যঞ্জক প্রতিষ্ঠা করো।

State Huygen's principle and deduce the law of reflection of light using this principle.

Or, Briefly describe Young's double slit experiment for the interference of light. What do you mean by fringe width? Obtain an expression for it.

(f) বায়ুমাধ্যমে শব্দতরঙ্গের বেগ তাপমাত্রা ও চাপের উপর কীভাবে নির্ভর করে সংক্ষেপে ব্যাখ্যা করো।

অক্সিজেন গ্যাসে শব্দতরঙ্গের বেগ 300 m/s হলে হাইড্রোজেন গ্যাসে বেগ কী হবে?

অথবা, একটি তরঙ্গ উৎস কোনো স্থির পর্যবেক্ষকের দিকে v বেগে অগ্রসর হচ্ছে। উৎস থেকে নির্গত তরঙ্গের কম্পাঙ্ক n ও তরঙ্গবেগ v হলে আপাত কম্পাঙ্ক কী হবে? যদি পর্যবেক্ষক উৎসের দিকে v বেগে অগ্রসর হয় তাহলে আপাত কম্পাঙ্ক কী হবে?

How does the velocity of sound waves in a gas depends on temperature and pressure – briefly explain your answer.

The velocity of sound wave in oxygen gas is 300 m/s. What would be the velocity in hydrogen gas?

Or, A source of sound, emiting waves of frequency n, approaches a stationary observer with velocity v. If v be the velocity of sound wave, what is the frequency of the wave as detected by the observer? What will be the apparent frequency if the observer approaches the source with velocity v?

(g) কোনো তড়িৎক্ষেত্রে তড়িৎপ্রাবল্য ও তড়িৎ বিভব বলতে কী বোঝ? এদের মধ্যে সম্পর্ক কী? কোনো তড়িৎক্ষেত্রে তড়িৎবিভব $V(x)$ কেবলমাত্র x-এর উপর নির্ভর করে এবং $V(x) = ax - bx^3$, যেখানে a ও b ধ্রুবক। x-অক্ষের কোন্ কোন্ স্থানে তড়িৎপ্রাবল্যের মান শূন্য হবে?

অথবা, তড়িৎ দ্বিমেরু কাকে বলে? সুষম তড়িৎক্ষেত্রে একটি তড়িৎ দ্বিমেরুর উপর ক্রিয়াশীল বল ও টর্কের রাশিমালা নির্ণয় করো।

Define electric intensity and electric potential at a point. How are they related? The electric potential in a certain situation is found to depend on x only and is given by $V(x) = ax - bx^3$, where a and b are constants. Find the positions on the x-axis where the electric field is zero.

Or, What do you mean by an electric dipole? Find expressions for the force and torque acting on an electric dipole when placed in an uniform electric field :

(h) একটি ইলেকট্রিক কেটলিতে দুটি তারের কুণ্ডলী আছে। প্রথম কুণ্ডলীটি মেইন-এর সঙ্গে যুক্ত করলে কেটলির জল t_1 মিনিট পরে ফুটতে আরম্ভ করে ও দ্বিতীয় কুণ্ডলীর ক্ষেত্রে ওই সময় t_2 মিনিট। দুটি কুণ্ডলী একই সঙ্গে (i) শ্রেণি সমবায়ে ও (ii) সমান্তরাল সমবায়ে যুক্ত করলে কেটলির জল কত সময় পরে ফুটতে আরম্ভ করবে?

অথবা, সিবেক ক্রিয়া বলতে কী বোঝ? কোনো তাপযুগ্মের তাপ-তড়িৎচালক বল উষ্ণপ্রান্তের তাপমাত্রার উপর কীভাবে নির্ভর করে? উদাসীন উষ্ণতা ও উৎক্রম উষ্ণতা কাকে বলে? এদের মধ্যে সম্পর্ক কী?

An electric tea-kettle has two windings. When one of them is switched on, the kettle begins to boil in t_1 minutes and when the other is switched on it boils in t_2 minutes. In what time will the kettle begin to boil if both the windings are switched on simultaneously (i) in series and (ii) in parallel?

Or, What is Seebeck effect? How the thermo e.m.f. varies with the temperature of the hot junction? Define neutral temperature and temperature of inversion. How are they related?

(i) একটি তারের কুণ্ডলীতে চুম্বকীয় আবেশ (ϕ) সময়ের উপর নির্ভর করে এবং $\phi = \left(t^3 - 2t^2 + 5\right)$ Wb, যেখানে t সেকেন্ডে মাপা হয়। কুণ্ডলীর রোধ $10\,\Omega$ হলে $t = 1$ সেকেন্ডে কুণ্ডলীর প্রবাহমাত্রা কত? কোন্ সময়ে তড়িৎপ্রবাহের মান সবচেয়ে বেশি হবে ও ওই মান কত?

The magnetic flux through a coil varies according to the relation $\phi = \left(t^3 - 2t^2 + 5\right)$ Wb, where t is measured in seconds. If the resistance of the coil be $10\,\Omega$, what is the current in the coil at $t = 1$ s? At what time will the current be maximum and what is its value?

(j) প্রত্যাবর্তী তড়িৎপ্রবাহের শীর্ষমান ও বর্গমাধ্যমূল মান বলতে কী বোঝায়? সাইনধর্মী তড়িৎপ্রবাহের ক্ষেত্রে এদের মধ্যে সম্পর্ক কী?

অথবা, একটি এ. সি. জেনারেটরের কার্যপ্রণালী চিত্রের সাহায্যে সংক্ষেপে ব্যাখ্যা করো।

Define the peak and r.m.s. value of an alternating current and obtain the relation between them for a sinusoidal current.

Or, Give a sketch of an A.C. generator and briefly explain its working principle.

(k) বৈশিষ্ট্যসূচক এক্স-রশ্মির বর্ণালি কীভাবে হয়? মোজলের সূত্রটি কী এবং বোর মডেলের সাহায্যে এটি কীভাবে ব্যাখ্যা করা যায় সংক্ষেপে বলো।

অথবা, আলোক-তড়িৎ ক্রিয়া কী? কীভাবে কোয়ান্টাম তত্ত্বের সাহায্যে আলোক-তড়িৎ ক্রিয়ার মূল বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করা যায় সংক্ষেপে আলোচনা করো।

How is characteristics X-ray spectra formed? State Mosley's law and briefly state how it follows from Bohr's theory.

Or, What is photo electric effect? Briefly state, how the quantum theory explained the basic facts of this effect.

বিভাগ—ঘ

Group—D

$6\times2=12$

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) সমতল চলতরঙ্গ বলতে কী বোঝায়? ধনাত্মক x-অক্ষ বরাবর চলমান একটি সমতল চলতরঙ্গের সমীকরণ লেখো। দুটি একই বিস্তার ও তরঙ্গদৈর্ঘ্য বিশিষ্ট বিপরীতমুখী চলতরঙ্গের উপরিপাতের ফলে কী ঘটবে? এরূপ উপরিপাতের ফলে উৎপন্ন তরঙ্গের বিশেষ বৈশিষ্ট্যগুলি লেখো।

কোনো এককে একটি চলতরঙ্গের সমীকরণ $y = 10\sin 2\pi\left[100t + 5x + \frac{1}{2}\right]$ হলে তরঙ্গের (১) কম্পাঙ্ক ও (২) বেগের মান কত?

অথবা, সুসংগত আলোক উৎস বলতে কী বোঝায়? দুটি সংসক্ত আলোক-উৎস পাবার যে-কোনো একটি পদ্ধতি উল্লেখ করো।

দুটি সংসক্ত আলোক-উৎস থেকে উৎসারিত আলোক উপরিপাতিত হল ও একটি পর্দা উৎস থেকে দূরে এমন ভাবে রাখা হল যে উৎস দুটির সংযোগরেখা পর্দার সমান্তরাল হয়। পর্দায় কী দেখা যাবে বলো ও পটিবেধের মান নির্ণয় করো *(উৎস দুটির দূরত্ব d, পর্দা থেকে উৎসের দূরত্ব D ও তরঙ্গদৈর্ঘ্য λ)।*

What do you mean by a plane progressive wave? Write down an expression for a plane progressive wave travelling along the positive x-direction. What happens when two progressive waves of the same amplitude and wavelength and travelling in opposite directions superpose on each other? State the special characteristics of the wave formed under this condition.

The equation of a progressive wave *(in arbitrary units)* is given by $y = 10\sin 2\pi\left[100t + 5x + \frac{1}{2}\right]$. What are the values of (i) frequency and (ii) velocity of the wave?

Or, What do you understand by coherent sources of light? Mention one way to obtain two coherent sources.

Light from two coherent sources are made to superpose on each other and a screen is placed at a distance from the sources so that the line joining the sources is parallel to the screen. Explain your observation on the screen and obtain an expression for the

fringe width *(Distance between the sources is d, the separation between the source and screen is D and wavelength is λ).*

(b) অ্যাম্পিয়ারের পরিপথ সূত্রটি বর্ণনা করো। একটি লম্বা সরল সলিনয়ডের ভিতরে ও বাইরে চৌম্বক ক্ষেত্রের প্রাবল্য নির্ণয় করো। (সলিনয়ডের প্রতি একক দৈর্ঘ্যের পাক সংখ্যা n ও প্রতি পাকে প্রবাহমাত্রা i)।

অথবা, একটি সুষম চৌম্বকক্ষেত্রে একটি তড়িৎবাহী পরিবাহী রাখা হলে পরিবাহীটি কী বল অনুভব করবে? এর সাহায্যে সুষম চৌম্বকক্ষেত্রে একটি তড়িৎবাহী তারের কুণ্ডলী রাখলে তার উপর ক্রিয়াশীল টর্কের মান কী হবে নির্ণয় করো। চিত্রের সাহায্যে একটি চলকুণ্ডলী গ্যালভানোমিটারের কার্যপ্রণালী সংক্ষেপে বর্ণনা করো।

State Ampere's circuital theorem. Find an expression for the magnetic field due to a long solenoid having n turns per unit length and carrying a current i, at points both inside and outside the solenoid.

Or, Write down the expression for the force experienced by a current carrying conductor placed in a uniform magnetic field and hence find an expression for the torque experienced by a current carrying loop. Explain, with a sketch, the working principle of a moving coil galvanometer.

STATISTICS (THEORY)

Class-XI

Time : 3 Hours

Full Marks : 80

বিভাগ—ক

Group—A

1×10=10

1. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) বহুপদ রাশিমালা $9x^3 + 3x^2 - 2x + 1$ এর ঘাত কত?

What is the degree of the polynomial given by

$9x^3 + 3x^2 - 2x + 1$?

(b) 70.9083501-কে চার দশমিক স্থান পর্যন্ত আসন্ন মানে প্রকাশ করো।

Round off 70.9083501 to four places of decimals.

(c) 3×3 ক্রমযুক্ত একটা একসম ম্যাট্রিক্স্ লেখো।

অথবা, $\Delta f(x) = f(x + h) - f(x)$ — সত্য বা মিথ্যা লেখো।

Write an identity matrix of order 3×3.

Or, $\Delta f(x) = f(x + h) - f(x)$ – write true or false.

(d) 1990 থেকে 2004 সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের পাট উৎপাদন ('000 বেল)-এর অবেক্ষণ নেওয়া হল। এগুলো কোন্ প্রকারের রাশিতথ্য?

অথবা, 2004 সালে সাতটা বাজার থেকে এক শ্রেণি চালের দর নেওয়া হল। এগুলো কোন প্রকারের রাশিতথ্য?

Observations on production (in '000 bales) of jute in West Bengal for the years 1990 to 2004 have been taken. What type of data are these?

Or, Prices of a grade of rice have been taken from 7 markets in the year 2004. What type of data are these?

(e) একটা অঙ্কন প্রতিযোগিতায় পাঁচজন ছাত্রকে মানক্রম দেওয়া হল। এই রাশিতথ্য কী প্রকার — পূরণ বাচক (ordinal) না নাম-সংক্রান্ত (nominal)?

Five students are ranked in a drawing competition. Are the data ordinal or nominal?

(f) (i) একটা প্রশ্নতালিকা (questionnaire) কি বিষয়ী / দ্ব্যর্থক প্রশ্ন থেকে মুক্ত থাকা উচিত?

অথবা,(ii) একটা সারণিতে পরিমাপের একক এবং স্তম্ভ-সমষ্টি দুই থাকবে — সত্য বা মিথ্যা লেখো।

Should a questionnaire be free from any subjective / ambiguous question?

Or, A table should contain both units of measurement and column totals — write true or false.

(g) বিস্তৃতি পরিমাপ করতে কোন্ কোন্ চতুর্থক ব্যবহার করবে?

Which of the quartiles would you use to measure dispersion?

(h) তিনটি ঘটনা A, B ও C-এর দ্বারা সেট তত্ত্বের চিহ্ন ব্যবহার করে 'কেবলমাত্র A ঘটবে' ঘটনাটাকে প্রকাশ করো।

Express the event "only A occurs" in terms of events A, B and C in set theoretic notations.

(i) একটা প্রাথমিক ঘটনা কতগুলো সম্ভাব্য ফলাফল ধারণ করতে পারে?

অথবা, দুটো ঘটনা A এবং B পরস্পর বিচ্ছিন্ন হবে কেবলমাত্র যখন $A \cup B \equiv \Omega$ — সত্য বা মিথ্যা লেখ।

How many possible outcomes can an elementary event contain?

Or, Two events A and B are mutually exculsive only when $A \cup B \equiv \Omega$ – Write true or false.

(j) যদি $P(A) > 0$ হয়, তবে $P(B \mid A)$-এর কি সংজ্ঞা দেওয়া যায়?

If $P(A) > 0$, is $P(B \mid A)$ defined?

বিভাগ—খ

Group—B

$2\times7=14$

2. **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।**

Answer the following questions. Alternatives are to be noted.

(a) অষ্টকী পদ্ধতিতে বাস্তব সংখ্যা প্রকাশ করতে যেসব অঙ্ক (digits) ব্যবহার হয় তা উল্লেখ করো।

অথবা, $\begin{vmatrix} 2 & 5 \\ 9 & 6 \end{vmatrix}$ নির্ণায়কটার মান নির্ণয় করো।

State the digits used in octal system of representation of real numbers.

Or, Find the value of the determinant $\begin{vmatrix} 2 & 5 \\ 9 & 6 \end{vmatrix}$

(b) অন্তর দৈর্ঘ্য 1 হলে Δx^2 নির্ণয় করো।

অথবা, $A = \begin{pmatrix} 1 & -1 \\ -1 & 1 \end{pmatrix}$ হলে, A'A নির্ণয় করো।

Find Δx^2 when the interval of differencing is 1.

Or, Find A'A, if $A = \begin{pmatrix} 1 & -1 \\ -1 & 1 \end{pmatrix}$

(c) অবিচ্ছিন্ন ও বিচ্ছিন্ন চলের পার্থক্য কী?

অথবা, যদি পশ্চিমবঙ্গে গমের উৎপাদন (কিগ্রা), চাষ-জমির পরিমাণ (বর্গমি) এবং উৎপাদন-হার সংগ্রহ করা হয়, তবে রাশিতথ্যের সংগতি কেমন ভাবে মিলিয়ে দেখবে?

What is the difference between continuous and discrete variables?

Or, If yield (in kg), cultivated area (in sq. m) and yield-rate are collected for wheat in West Bengal, how will you check consistency of the data?

(d) যদি $2u = 5x$ এবং x এর প্রতিগাণিতিক গড় 0.4 হয় তবে u এর প্রতিগাণিতিক গড় কত হবে?

If $2u = 5x$ and the harmonic mean of x is 0.4, what is the harmonic mean of u?

(e) যদি একটা পরিসংখ্যা বিভাজনের গাণিতিক গড় ও মধ্যমা যথাক্রমে 162.5 সেমি এবং 165.2 সেমি হয় তবে বিভাজনটার কী ধরনের প্রতিবৈষম্য আছে?

If the arithmetic mean and median for a frequency distribution are 162.5 cm and 165.2 cm respectively, what type of skewness does the distribution have?

(f) 7 টা ফলাফল যুক্ত নমুনাদেশ থেকে শুরু করে 3 টে ঘটনা বর্ণনা করো যারা পরস্পর বিচ্ছিন্ন কিন্তু নিঃশেষ নয়।

অথবা, যদি একটা হেড না আসা পর্যন্ত একটা মুদ্রা নিক্ষেপ করা হয় তবে নমুনাদেশটা বর্ণনা করো।

Starting from a sample space containing 7 outcomes, describe 3 events that are mutually exclusive but not exhaustive.

Or, Describe the sample space if a coin is tossed till a head turns up.

(g) যদি $P(A) = \frac{1}{2}$, $P(B) = \frac{1}{3}$ এবং $P(A \cap B) = \frac{1}{6}$ হয় তবে A এবং B অনধীন কিনা বিচার করো।

If $P(A) = 1/2$, $P(B) = 1/3$ and $P(A \cap B) = \frac{1}{6}$, check whether A and B are independent.

বিভাগ—গ

Group—C **4×11=44**

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) চারটে ধনাত্মক রাশির ক্ষেত্রে প্রমাণ করো যে (A.M. ≥ G.M. ≥ H.M.) গাণিতিক গড় ≥ গুণোত্তর গড় ≥ প্রতিগাণিতিক গড়।

অথবা, প্রথম n-টি ধনাত্মক পূর্ণসংখ্যার প্রমাণ বিচ্যুতি নির্ণয় করো।

For four positive quantities prove that A.M. ≥ G. M. ≥ H. M.

Or, Find the standard deviation of the first n positive integers.

(b) তিনটি ম্যাট্রিক্স A, B এবং C দেওয়া থাকলে —

$$A = \begin{pmatrix} a & b & 0 \\ c & 0 & b \end{pmatrix}, B = \begin{pmatrix} a & d & c \\ d & d & b \end{pmatrix} \text{ এবং } C = \begin{pmatrix} 0 & d \\ d & b \\ c & 0 \end{pmatrix}$$

তবে দেখাও যে $(A + B)C = AC + BC$

অথবা, নিউটনের অগ্রসারী অন্তঃপ্রক্ষেপণ সূত্রটির প্রথম দুটো পদ নির্ণয় করো।

For three matrices A, B and C, given by

$$A = \begin{pmatrix} a & b & 0 \\ c & 0 & b \end{pmatrix}, B = \begin{pmatrix} a & d & c \\ d & d & b \end{pmatrix} \text{ and } C = \begin{pmatrix} 0 & d \\ d & b \\ c & 0 \end{pmatrix}$$

verify that $(A + B) C = AC + BC$

Or, Derive the first two terms of Newton's formula for forward interpolation.

(c) একদল ছাত্রের উচ্চতার গড় এবং প্রমাণ বিচ্যুতি যথাক্রমে 162 সেমি এবং 18 সেমি; এবং ওজনের জন্যে সেগুলো যথাক্রমে 65 কিগ্রা এবং 9 কিগ্রা। উচ্চতার বিস্তৃতির সঙ্গে ওজনের বিস্তৃতি তুলনা করো।

অথবা, দু-প্রস্থ ধনাত্মক মান, যারা n_1 ও n_2 সংখ্যক ও যাদের গুণোত্তর গড় যথাক্রমে G_1 ও G_2, একত্র করলে তার গুণোত্তর গড় G নির্ণয় করো এবং দেখাও যে এর মান G_1 ও G_2-র মধ্যে থাকবে।

The mean and standard deviation of height for a group of students are 162 cm and 18 cm respectively; and those of weight are 65 kg and 9 kg respectively. Compare the variability of height with that of weight.

Or, If two sets of positive values, which are n_1 and n_2 in number and the geometric means of which are G_1 and G_2 respectively, be combined, find their geometric mean G and show that it lies between G_1 and G_2.

(d) প্রমাণ করো যে, প্রমাণ-বিচ্যুতি মূলবিন্দু পরিবর্তনের অনধীন কিন্তু মাত্রার পরিবর্তনের ওপর নির্ভরশীল।

অথবা, প্রমাণ করো যে, প্রমাণ বিচ্যুতি হচ্ছে সর্ব-কনিষ্ঠ মূল-গড়-বর্গ-বিচ্যুতি।

Prove that standard deviation is independent of change of origin but is dependent of change of scale.

Or, Prove that standard deviation is the least root-mean-square-deviation.

(e) একটা চল x এর অবেক্ষণ x_1, x_2 .... x_n-এর গাণিতিক গড় এবং প্রমাণ বিচ্যুতি যথাক্রমে $\bar{x}$ এবং s হলে, $-x_1, -x_2, \ldots\ldots, -x_n, x_1, x_2, \ldots\ldots\ldots, x_n$-এর গাণিতিক গড় এবং প্রমাণ বিচ্যুতি কত?

অথবা, 1, 3, 5, 7, ..., (2n – 1) মানগুলোর প্রমাণ বিচ্যুতি নির্ণয় করো।

If the arithmetic mean and standard deviation of n observations $x_1, x_2, \ldots\ldots\ldots, x_n$ on a variable x are $\bar{x}$ and s respectively, what are the arithmetic mean and sandard deviation of $-x_1, -x_2, \ldots\ldots -x_n, x_1, x_2, \ldots\ldots x_n$?

Or, Find the standard deviation of the values 1, 3, 5, 7, ...,(2n – 1).

(f) চিহ্নগুলোর যথাযথ অর্থসহ প্রমাণ করো যে

$$m_4 = m'_4 - 4m'_3\, m'_1 + 6m'_2\, (m'_1)^2 - 3\, (m'_1)^4.$$

With the usual meaning of notations, prove that

$$m_4 = m'_4 - 4m'_3\, m'_1 + 6m'_2\, (m'_1)^2 - 3\, (m'_1)^4.$$

(f) ধরো যে একটা চলের মান a, b এবং অন্য (n – 2) মানগুলো সবই (a + b)/2 এর সমান। গড়-এর সাপেক্ষে গড়-বিচ্যুতি নির্ণয় করো।

অথবা, দেখাও যে একটা চলের দুই পুঞ্জ মানের একত্রিভূত গাণিতিক গড় সবসময় দুটো পুঞ্জের গাণিতিক গড়গুলোর মধ্যে থাকবে।

Suppose a variable assumes values a, b and $(n-2)$ other values all equal to $(a + b) / 2$. Find the mean-deviation about mean.

Or, Show that the combined arithmetic mean of two groups of values on a variable always lies between the arithmetic means of the two groups.

(h) যদি দুটো চল x ও y-এর মধ্যের সম্বন্ধ $y = 2x^2$ হয় যাদের গুণোত্তর গড় যথাক্রমে g_1 এবং g_2 তবে দেখাও যে $g_2 = 2g_1^2$।

If the relation between two variables x and y, whose geometric means are g_1 and g_2 respectively, be $y = 2x^2$, show that $g_2 = 2g_1^2$.

(i) একটা ঘটনার শর্তাধীন সম্ভাবনার সংজ্ঞা দাও। কখন দুটো ঘটনাকে অনধীন বলা হবে?

অথবা, যদি $P(\{a\}) = P(\{b\}) = P(\{c\}) = P(\{d\}) = \frac{1}{4}$,

$A = \{a, b\}$, $B = \{a, c\}$ এবং $C = \{a, d\}$ হয়, তবে বিচার করে দেখো A, B ও C জোড়ায় জোড়ায় এবং / বা পরস্পর অনপেক্ষ কি না।

Define conditional probability of an event. When are two events said to be independent?

Or, If $P(\{a\}) = P(\{b\}) = P(\{c\}) = P(\{d\}) = \frac{1}{4}$,

$A = \{a, b\}$, $B = \{a, c\}$ and $C = \{a, d\}$ then check whether A, B and C are pairwise and / or mutually independent.

(j) যে-কোনো দুটো ঘটনা A এবং B-এর জন্যে দেখাও যে —

$$\max.\{P(A) + P(B) - 1, 0\} \leq P(A \cap B) \leq \min.\{P(A), P(B)\}$$

অথবা, যদি $P(A) > 0$ হয়, তবে প্রমাণ করো যে $0 \leq P(B|A) \leq 1$

For any two events A and B show that

$$\max.\{P(A) + P(B) - 1, 0\} \leq P(A \cap B) \leq \min.\{P(A). P(B)\}$$

Or, Prove, if $P(A) > 0$, that $0 \leq P(B|A) \leq 1$.

(k) রাম, রহিম এবং রিতম-এর একটা সমস্যার সমাধান করতে পারার সম্ভাবনা যথাক্রমে 0.8, 0.6 এবং 0.9। যদি তারা অনধীনভাবে সমস্যাটার সমাধানের চেষ্টা করে তবে সমস্যাটা সমাধান হওয়ার সম্ভাবনা কত?

অথবা, একটা রাশিবিজ্ঞানের ক্লাসে 45 জন ছাত্রের মধ্যে 12 জনের মাতৃভাষা বাংলা। যদি এই ক্লাস থেকে দুজন ছাত্রকে সমসম্ভব ভাবে নেওয়া হয় তবে দু'জনেরই মাতৃভাষা বাংলা না হওয়া সম্ভাবনা কত?

The probabilities that Ram, Rahim and Ritam can solve a problem are 0.8, 0.6 and 0.9 respectively. If they independently try to solve a problem, what is the probability that the problem will be solved?

Or, In a statistics class of 45 students 12 have Bengali as their mother tongue. If two students are selected at random from this class, what is the probability that both do not have Bengali as their mother tongue?

বিভাগ—ঘ

Group—D **6×2=12**

4. **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।**

Answer the following questions. Alternatives are to be noted.

(a) একটা বিদ্যালয়ের ছাত্রদের, যেখানে V থেকে XII পর্যন্ত শ্রেণি আছে। প্রতি শ্রেণিতে দুটো বিভাগ আছে, দেখানোর জন্যে একটা ফাঁকা সারণি তৈরি করো; বর্তমান শিক্ষাবর্ষের জন্যে ছেলে, মেয়ে এবং মোট দেখাও।

অথবা, যদি কতকগুলো ধনাত্মক সংখ্যা গুণোত্তর শ্রেণিতে থাকে তবে দেখাও যে —

গাণিতিক গড় × প্রতিগাণিতিক গড় = (গুণোত্তর গড়)^2

Form a blank table to present distribution of students of a school having classes V to XII, each class having two sections; show boys, girls and totals for the current academic session.

Or, If some positive observations are in geometric progression, show that — A.M. × H.M. = $(\text{G.M.})^2$

(b) যদি A এবং B দুটি পরস্পর বিচ্ছিন্ন এবং নিঃশেষী ঘটনা হয় তবে দেখাও যে— $P(A \cup B) = P(A) + P(B) = 1$

অথবা, একটা বল r লাল এবং b কালো বলযুক্ত একটা পাত্র (১ নম্বর দেওয়া) থেকে সমসম্ভবভাবে নেওয়া হল এবং আর একটা পাত্র (২ নম্বর দেওয়া) যাতে x লাল এবং y কালো বল আছে তাতে পুরে দেওয়া হল। তারপর একটা বল পাত্র ২ থেকে সমসম্ভবভাবে তোলা হল। পাত্র ২ থেকে তোলা বলটা লাল হওয়ার সম্ভাবনা কত?

If A and B are two mutually exclusive and exhaustive events then show that

$$P(A \cup B) = P(A) + P(B) = 1$$

Or, A ball is drawn at random from an urn (numbered 1) containing r red and b black balls and put into another urn (numbered 2) containing x red and y black balls. Then a ball is drawn at random from the urn 2. What is the probability that the ball drawn from the urn numbered 2 is red?

Class-XII

Time : 3 Hours | Full Marks : 80

বিভাগ—ক
Group—A
$1 \times 10 = 10$

1. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) শূন্যস্থান পূর্ণ কর : $\frac{d}{dx}e^{-ax} =$ ______

অথবা, শূন্যস্থান পূর্ণ কর : $\Gamma\left(\frac{1}{2}\right) =$ ______

Fill in the blank : $\frac{d}{dx}e^{-ax} =$ ______

Or, Fill in the blank : $\Gamma\left(\frac{1}{2}\right) =$ ______

(b) যদি $f_{AB} > f_A \ f_B / n$ হয় তবে গুণলক্ষণ A এবং B দুটো অনধীন হবে — সত্য বা মিথ্যা লেখো।

Two attributes A and B are independent if $f_{AB} > f_A \ f_B / n$ — write true or false.

(c) যদি $x + y = 100$ হয় তবে x ও y এর সহগাঙ্ক -1 — সত্য বা মিথ্যা লেখো।

অথবা, (x, y) এর ওপর যুগ্ম মান প্লট করতে অক্ষদুটোর মধ্যের কোণ হতে হবে (a) 180°, (b) 90°, (c) 135°, (d) 0°।

(সঠিক উত্তরটা লেখো।)

If $x + y = 100$ then the correletion coefficient between x and y is -1 — Write true or false.

Or, Two plot paired values on (x, y) the angle between the axes is to (a) 180°, (b) 90°, (c) 135°, (d) 0° [Write the correct answer].

(d) চলমান গড় পদ্ধতিতে একটা কালীন-সারির গতিধারা নির্ণয় করতে তুমি কি সমস্ত দেয় মানের গড়ের প্রয়োজন বোধ করবে?

Do you need the average of all the given values of a time-series in determining trend by the method of moving averages?

(e) যদি একটা সম্ভাবনাশ্রয়ী চল x এর সমস্ত মান সমান হয় তবে বলতে পার কি Var (X) = 0 ?

If all the values of a random variable X are equal, can you say that Var (X) = 0 ?

(f) যদি X একটা অবিচ্ছিন্ন সম্ভাবনাশ্রয়ী চল হয় তবে P (X = 5) এর মান কত?
অথবা, যদি X পেয়ার্স নিবেশন মেনে চলে তবে $P(3.55 \le X < 5)$ এবং P (X = 4) কি সমান হবে?

What is the value of P(X = 5) in case X is a continuous random variable?
Or, If X follows a Poisson distribution, are $P(3.55 \le X \le 5)$ and P (X = 4) equal?

(g) নমুনা সংখ্যা বৃদ্ধির সঙ্গে নমুনা ভ্রান্তি সাধারণত কমতে থাকে — সত্য বা মিথ্যা লেখো।
অথবা, প্রমাণ ভ্রান্তি কখনোই পূর্ণক সংখ্যার ওপর নির্ভর করে না — সত্য বা মিথ্যা লেখো।

Sampling error generally decreases with increase in sample size — write true or false.
Or, Standard error never depends on the population size — write true or false?

(h) স্তর বিন্যস্ত সমসম্ভব নমুনা সংগ্রহের ক্ষেত্রে একটা পূর্ণককে __________ এতে ভাগ করতে হবে। (একটা যথাযথ শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো।)

A population is to be divided into __________ in case of stratified random sampling.

(Fill in the blank by an appropriate word.)

(i) 56 টা একক যুক্ত একটা পূর্ণক-এর ক্ষেত্রে 8 সংখ্যার একটা নিয়মানুগ নমুনাসংগ্রহ গণ্য করা হল। নমুনা অন্তর কত হবে?

For a population of 56 units a systematic sample of size 8 is considered. What will be the sampling interval?

(j) একটা মাত্র সম্ভাবনাশ্রয়ী অবেক্ষণ নিয়ে পোয়াসঁ-গড়কে পক্ষপাত শূন্যভাবে প্রাককলনী মান দিতে পারবে?

Can you unbaisedly estimate a Poisson mean by a single random observation?

বিভাগ—খ

Group—B

2×7=14

2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) একটা 2 × 2 সাম্বন্ধিকতা সারণি দেওয়া থাকলে, দুটো গুণলক্ষণ A এবং B জন্যে, পূর্ণ ধনাত্মক সংস্রব কেমন ভাবে ব্যাখ্যা করবে?

অথবা, দুটো চলের মধ্যের সম্বন্ধ কেমন হলে পূরণী-পরিঘাত সহগতি সহগাঙ্ক (r)-এর মান + 1 হবে?

Given a 2 × 2 contingency table for two attributes A and B, how will you explain complete positive association?

Or, For which relation between two variables will the product-moment correlation coefficient (r) be + 1 ?

(b) একটা কালীন সারির ঋজুরৈখিক সহগতির সমীকরণ নির্ণয়ের ক্ষেত্রে মৌল সমীকরণগুলো উল্লেখ করো।

State the normal equations in case of fitting a linear trend equation for a given time-series.

(c) একটা সমতাপূর্ণ (Uniform) নিবেশনের সম্ভাবনা ভর অপেক্ষক (p.m.f.) টা উল্লেখ করো।

অথবা, কখন বলা হবে একটা সম্ভাবনাশ্রয়ী চল বাইনোমিয়াল নিবেশন মেনে চলে?

State the probability mass function (p.m.f.) of a Uniform distribution.

Or, When will a random variable be said to follow a binomial distribution?

(d) যদি একটা সম্ভাবনাশ্রয়ী চল পোয়াসঁ নিবেশন মেনে চলে যাতে $P(X = 1) = P(X = 2)$ হয় তবে এর পূর্ণকাঙ্ক-র মান কত?

অথবা, একটা সম্ভাবনাশ্রয়ী চল X যদি নর্ম্যাল (μ, σ^2)-নিবেশন মেনে চলে তবে $P(X \leq \mu)$-এর মান নির্ণয় করো।

If a random variable follows a Poisson distribution such that $P(X = 1) = P(X = 2)$, what is the value of its parameter?

Or, If a random variable X follows a normal (μ, σ^2)-distribution then find the value of $P(X \leq \mu)$.

(e) যদি $\text{Var}(X) = 16$ এবং $E(X^2) = 25$ হয় তবে $E(X)$ এর মান কত?

If $\text{Var}(X) = 16$ and $E(X^2) = 25$, what is the value of $E(X)$?

(f) একটা পূর্ণকাঙ্কের প্রাককলক বলতে কী বোঝ?

অথবা, কখন একটা প্রাককলককে একটা পূর্ণকাঙ্কের জন্যে পক্ষপাত শূন্য বলা হয়?

What do you mean by an estimator of a parameter?

Or, When is an estimator said to be unbiased for a parameter?

(g) একটা বাইনোমিয়াল (m, p)-নিবেশনের p-এর জন্যে পরিঘাত পদ্ধতিতে প্রাপ্ত প্রাককলকটা কী হবে?

What will be the estimator obtained by the method of moments for p of a binominal (m, p.) distribution?

বিভাগ—গ
Group—C

4×11=44

3. **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।**

Answer the following questions. Alternatives are to be noted.

(a) গড় μ এবং প্রমাণ বিচ্যুতি σ সমেত একটা নর্ম্যাল নিবেশনের গরিষ্ঠ মান নির্ণয় করো।

অথবা, দেয় অপেক্ষক $f(x) = \theta e^{-\theta x}$, যদি $x > 0, \theta > 0$

$= 0$ অন্যথায়

হলে x-এর মান এমন নির্ণয় করো যে,

$$\int_{-\infty}^{x} f(u)du = \frac{1}{2} \text{ যখন } \theta = \frac{1}{2}$$

Derive the mode of a normal distribution with mean μ and standard deviation σ.

Or, Given a function $f(x) = \theta e^{-\theta x}$, if $x > 0, \theta > 0$

$= 0$, otherwise,

find the value of x for which $\int_{-\infty}^{x} f(u)du = \frac{1}{2}$ when $\theta = 1/2$.

(b) দুটো চল একই সঙ্গে অধ্যয়নের ক্ষেত্রে দুটো নির্ভরণ রেখা বলতে কী বোঝ?

What do you mean by the two regression lines in connection with simultaneous study of two variables?

(c) প্রমাণ করো যে, নির্ভরণাঙ্কগুলোর পরম মানের গাণিতিক গড় পূরণী-পরিঘাত সহগতি সহগাঙ্ক-র পরম মানের চেয়ে ছোটো হতে পারে না।

অথবা, বিক্ষেপণ চিত্রেরব্যবহারগুলো বর্ণনা করো।

Prove that the arithmetic mean of the absolute values of the regression coefficients cannot be less than the absolute value of the product-moment correlation coefficient.

Or, Describe the uses of a scatter diagram.

(d) দুটো গুণের সাপেক্ষে দেয় মানক্রমের মধ্যে সম্পূর্ণ অসম্মতি থাকলে, দেখাও যে স্পিয়ারম্যানের মানক্রমিক সহগাঙ্ক – 1 হয়।

অথবা, কোনো কোনো ক্ষেত্রে সংস্রবাঙ্ক (coefficient of association) Q_{AB}-র মান – 1 ও + 1 হবে?

In case of complete disagreement between ranks according to two characteristics, show that the value of Spearman's rank correlation coefficient is – 1.

Or, In which situations the values of the coefficient of association Q_{AB} are – 1 and + 1?

(e) একটা সম্ভাবনাশ্রয়ী চল x বাইনোমিয়াল নিবেশন মেনে চলে বিশেষক m এবং p নিয়ে।

আবার E (X) = mp. Var (X)-কে m এবং p-এর দ্বারা প্রকাশ করো।

অথবা, ৩ টে লাল এবং ২ টো সাদা বল যুক্ত একটা পাত্র থেকে তিনটে বল প্রতিস্থাপনা সহ সমসম্ভব চয়ন করা হল। এই তিনটের ভেতর লাল বলের সংখ্যার সম্ভাবনা নিবেশনটা নির্ণয় করো।

A random variable X follows a binomial distribution with parameters m and p.

Also E(X) = mp. Derive the expression of Var (X) in terms of m and p.

Or, Three balls are drawn at random (with replacement) from an urn containing 3 red and 2 white balls. Find the probability distribution of the number of red balls out of the three.

(f) μ ও σ^2 বিশেষক আছে এমন একটা নর্ম্যাল নিবেশনের প্রত্যাশামান নির্ণয় করো।

অথবা, একটা সম্ভাবনাশ্রয়ী চল X পোঁয়াস (λ)-নিবেশন মেনে চলে, যেখানে λ একটা পূর্ণ সংখ্যা নয়। নিবেশনটার গরিষ্ঠ মান নির্ণয় করো।

Derive the expectation of a normal distribution having parameters μ and σ^2.

Or, A random variable X follows a Poisson (λ)-distribution, where λ is not an integer. Find the mode of the distribution.

(g) একটা সম্ভাবনা নিবেশনের প্রতিবৈষম্য ও তীক্ষ্ণতা পরিমাপ করতে কেমন ভাবে গড় কেন্দ্রিক পরিঘাত ব্যবহৃত হয়?

How are central moments used to measure skewness and kurtosis of a probability distribution?

(h) Z প্রমাণ নর্ম্যাল নিবেশন মেনে চললে প্রমাণ করো যে

$$P(Z \le -\tau) = 1 - P(Z \le \tau)$$

অথবা, সম্ভাবনাশ্রয়ী চল X-এর p.m.f. (সম্ভাবনা ভর অপেক্ষক) f এমন যে $f(0) = c$, $f(1) = 2c - 3$ এবং $f(2) = 4c - 1$ এবং f এর মান অন্যক্ষেত্রে 0। $P(X > 0 \mid X < 2)$ এবং c-এর মান নির্ণয় করো।

Prove that for Z following a standard normal distribution $P(Z \le -\tau) = 1 - P(Z \le \tau)$.

Or, The p.m.f. (probability mass function) f of a random variable X is such that $f(0) = c$, $f(1) = 2c - 3$ and $f(2) = 4c - 1$ and otherwise the value of f is 0.

Find the values of $P(X > 0 \mid X < 2)$ and c.

(i) পূর্ণকাঙ্ক ও নমুনাঙ্ক-র মধ্যে পার্থক্য নির্ণয় করো।

অথবা, প্রতিস্থাপনা যুক্ত সরল সমসম্ভব নমুনাসংগ্রহ (SRSWR) এবং প্রতিস্থাপনাহীন সরল সমসম্ভব নমুনাসংগ্রহের (SRSWOR) মধ্যের পার্থক্য পরিষ্কারভাবে ব্যাখ্যা করো।

Distinguish between a parameter and a statistic.

Or, Explain clearly the difference between Simple Random Sampling With Replacement (SRSWR) and Simple Random Sampling Without Replacement (SRSWOR).

(j) $N(\mu, \sigma^2)$ নিবেশন থেকে নেওয়া একটা সরল সমসম্ভব নমুনা ($x_1, x_2, \ldots\ldots, x_n$) এর ওপর ভিত্তি করে মিলিয়ে দেখো যে নমুনা ভেদমানটা σ^2-র একটা পক্ষপাতশূন্য প্রাকচলক কিনা।

অথবা, পূর্ণগণনার তুলনায় নমুনা-সমীক্ষার দুটো সুবিধার বর্ণনা করো।

On the basis of a simple random sample ($x_1, x_2, \ldots\ldots, x_n$) drawn from a $N(\mu, \sigma^2)$ - distribution, check whether sample variance is an unbiased estimator for σ^2.

Or, Describe two advantages of sample survey over complete enumeration.

(k) সারণিটাতে চারটে একক যুক্ত এক পূর্ণক লব্ধ চল y-এর মান সমেত দেওয়া আছে ঃ

একক	U_1	U_2	U_3	U_4
মান	Y_1	Y_2	Y_3	Y_4

নমুনা অন্তর k = 2 নিয়ে নিয়মানুগ নমুনাসংগ্রহের জন্যে দেখাও যে নমুনাজ গড় পূর্ণক গড়ের জন্যে অপক্ষপাতযুক্ত হবে।

অথবা, নমুনাঙ্কের 'প্রমাণ চাঞ্চল্য' এবং 'প্রমাণ ভ্রান্তি'-র ব্যাখ্যা করো।

A population of four units with values of the study variable y is described in the table :

Unit	U_1	U_2	U_3	U_4
Value	Y_1	Y_2	Y_3	Y_4

For systematic sampling with sampling interval k = 2 show that sample mean is unbaised for the popoulation mean.

Or, Explain 'sampling fluctuation' and 'sampling error'.

বিভাগ—ঘ
Group—D

6×2=12

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়।

Answer the following questions. Alternatives are to be noted.

(a) প্রমাণ করো যে পূরণী-পরিঘাত সহগতি সহগাঙ্ক – 1 ও + 1 এর মধ্যে থাকে।

অথবা, x এবং y এর ওপর দ্বিচল তথ্য নিয়ে লঘিষ্ঠ বর্গ পদ্ধতিতে প্রাপ্ত সরল নির্ভরণ রেখার সমীকরণ দুটো 3x + 12y = 19 এবং 3y + x = 46 হলে কোন্টা y-এর ওপর x-এর নির্ভরণ সমীকরণ এবং কোন্টা x-এর ওপর y-এর নির্ভরণ সমীকরণ তা নির্ধারণ করো।

সহগাঙ্ক এবং x ও y-এর ভেদমানের অনুপাত নির্ণয় করো।

Prove that product moment correlation coefficient lies between – 1 and + 1.

Or, If the equations of the two regression lines are obtained by the method of least squares as 3x + 12y = 19 and 3y + x = 46 for bivariate data on x and y, identify which one is the regression equation of x on y and which one is that of y on x. Find the correlation coefficient and the ratio of the variances of x and y.

(b) একটা সম্ভাবনাশ্রয়ী চল x-এর সম্ভাবনা ঘনত্ব অপেক্ষক (p.d.f.) দেওয়া হল —

$f(x) = K x (1 - x)$, যদি $0 < x < 1, K > 0$

$= 0$, অন্যথায়।

সম্ভাবনা নিবেশনটার ভেদমান নির্ণয় করো।

অথবা, কোনো এক উৎপাদনের ওজনের (kg) সম্ভাবনা নিবেশন নর্ম্যাল বলে জানা আছে যাতে 50 শতাংশের ওজন 60 kg বা তার বেশি এবং কেবল মাত্র 10 শতাংশ 55-র কম। ওজনের ভেদাঙ্ক নির্ণয় করো। (দেওয়া আছে যে প্রমাণ নর্ম্যাল চল z-এর জন্যে $P(-\infty < Z < 1.28) = 0.9$]।

The probability density function (p.d.f.) a random variable x is given by

$f(x) = K x (1 - x)$, যদি $0 < x < 1, K > 0$

$= 0$, otherwise.

Find the variance of the probability distribution.

Or, The probability distribution of weight (kg) of a certain product is known to be normal such that 50 percent of them have weight 60 kg or more and only 10 percent are less that 55 kg. Find the coefficient of variation of weight.

[Given that for standard normal variable Z, $P(-\infty < Z < 1.28) = 0.9$]

উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ-এর
একাদশ ও দ্বাদশ শ্রেণির বই-এর তালিকা ও মূল্য

• উচ্চ মাধ্যমিক পাঠ সঞ্চয়ন 'ক' পাঠক্রম — 'গদ্য'	৩২.০০ টাকা
• উচ্চ মাধ্যমিক পাঠ সঞ্চয়ন 'ক' পাঠক্রম — 'কবিতা ও নাটক'	২৭.০০ টাকা
• উচ্চ মাধ্যমিক পাঠ সঞ্চয়ন 'ক' পাঠক্রম — ছোটোগল্প, প্রবাদ-প্রবচন ও বাগধারা	৩৩.০০ টাকা
• উচ্চ মাধ্যমিক পাঠ সঞ্চয়ন 'খ' পাঠক্রম — গদ্য, পদ্য ও প্রবাদ-প্রবচন	১২.০০ টাকা
• H. S. English Selection Prose	৩২.০০ টাকা
• H. S. English Selection Poems & Plays	৩১.০০ টাকা
• H. S. English Selection 'A' Alternative	৬৮.০০ টাকা
• उच्च माध्यमिक हिन्दी संकलन पाठ्यक्रम 'क'	২৮.০০ টাকা
• उच्च माध्यमिक हिन्दी संकलन पाठ्यक्रम 'ख'	২৩.০০ টাকা
• संस्कृतपाठमञ्जरी	২৮.০০ টাকা
• Higher Secondary Urdu Selection Short Stories & Drama	২৮.০০ টাকা
• Higher Secondary Urdu Selection Prose & Poetry	১৭.০০ টাকা
• नेपाली पाठ सङ्कलन 'क' पाठक्रम आख्यान भाग	৩২.০০ টাকা
• नेपाली पाठ सङ्कलन 'क' पाठक्रम गद्य र कविता भाग	৩১.০০ টাকা
• नेपाली पाठ सङ्कलन 'ख' पाठक्रम	৪৫.০০ টাকা

প্রকাশিতব্য

পরিবেশ শিক্ষা

Environmental Education



West Bengal Council of Higher Secondary Education
Vidyasagar Bhavan, 9/2 Block-DJ, Sector-II
Salt Lake City, Kolkata-700091